



প্রফেসর'স
professorsprakashan.com


ডিসেম্বর ২০২৪ | বর্ষ ২৯ | সংখ্যা ১০

কার্টে অ্যাফেয়ার্স



বুদ্ধিদীপ্ত ও চৌকশ তারুণ্যের সঙ্গী

ট্রাম্পের রাজসিক প্রত্যাবর্তন



ভর্তি প্রস্তুতি

বিশ্ববিদ্যালয় : সম্ভাব্য ও বিগত প্রশ্ন
মেডিকেল ও ডেন্টাল
কৃষিগুচ্ছ প্রশ্ন সমাধান
ঢাবি অধিভুক্ত ৭ কলেজ
ক্যাডেট কলেজ মডেল

তিন শূন্য গড়বে নতুন বিশ্ব

মহাকাশে কার্টের তৈরি স্যাটেলাইট

নারী সাফ চ্যাম্পিয়ন বাংলাদেশ

চাকরিতে বয়সসীমা ৩২ : অধ্যাদেশ জারি

মহান মুক্তিযুদ্ধের পথপরিক্রমা

বিসিএস। প্রশ্ন সমাধান। প্রবন্ধ-ফিচার। জেলা পরিচিতি। আন্তর্জাতিক সংস্থা



প্রাণ
সঙ্গে
স্বাদ বাড়াতে বস





সংবাদ সম্ভার



গত সংখ্যার বাকি অংশ

বাংলাদেশ ♦ ২৬.১০.২০২৪ | শনিবার
বাংলাদেশ ফুটবল ফেডারেশনের
(বায়ুক্ষে) সভাপতি নির্বাচিত হন
তাবিখ আউয়াল।

আন্তর্জাতিক ♦ ২৭.১০.২০২৪ | রবিবার
— জাপানের আইনসভা নির্বাচনে
ভোট গ্রহণ অনুষ্ঠিত।

বাংলাদেশ ♦ ২৮.১০.২০২৪ | সোমবার
— জুলাই-আগস্টের ছাত্র-জনতার
অভ্যুত্থানের ইতিহাস সংরক্ষণ,
শহীদ ও আহতদের পূর্ণাঙ্গ তালিকা
চূড়ান্তকরণ, আহতদের চিকিৎসা
এবং তাদের পরিবারকে সহায়তায়
‘বিশেষ সেল’ গঠন করে সরকার।
— বাংলা একাডেমির সভাপতি হিসেবে
দায়িত্ব গ্রহণ করেন আবুল কাসেম
ফজলুল হক।

আন্তর্জাতিক

— জাতিসংঘের ফিলিস্তিনি শরণার্থীবিষয়ক
সংস্থার (UNRWA) কার্যক্রম নিষিদ্ধ
করে ইসরায়েলি পার্লামেন্ট নেসেটে
বিতর্কিত বিল পাস।

বাংলাদেশ ♦ ২৯.১০.২০২৪ | মঙ্গলবার
দুই দিনের সফরে ঢাকায় পৌছেন
জাতিসংঘের মানবাধিকার বিষয়ক
হাইকমিশনার ভলকার টর্ক।

আন্তর্জাতিক

— ইসরায়েলের সঙ্গে স্বাক্ষরিত অস্ত্র
চুক্তি বাতিল করে স্পেন।

বাংলাদেশ ♦ ৩১.১০.২০২৪ | বুধস্পতিবার
— নির্বাচন/কমিশন গঠনের জন্য ৬
সদস্যের সার্চ কমিটি গঠন করে
প্রজ্ঞাপন জারি।

নভেম্বর

আন্তর্জাতিক ♦ ০১.১১.২০২৪ | শুক্রবার
— আলজেরিয়ার মিডিয়া মোগলখ্যাত
সাংবাদিক ইহসান এল কাদিরের
সাজা মওকুফ করা হয়।

বাংলাদেশ ♦ ০২.১১.২০২৪ | শনিবার
— ছাত্র-জনতার অভ্যুত্থানে হতাহত
ব্যক্তিদের পরিবারকে আর্থিক
সহায়তা দেওয়া শুরু করে ‘জুলাই
শহীদ স্মৃতি ফাউন্ডেশন’।

আন্তর্জাতিক

— যুক্তরাজ্যের কনজারভেটিভ পার্টি
প্রথমবারের মতো কৃষ্ণাঙ্গ নারী
কেমি বেইডনকে দলীয় প্রধান
হিসেবে নির্বাচিত করেন।

বাংলাদেশ ♦ ০৩.১১.২০২৪ | রবিবার
— চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক)
মেয়র হিসেবে শপথ নেন ডা.
শাহাদাত হোসেন।

— ঢাকায় জাপানের ভিসা আবেদন
কেন্দ্র চালু।

— ইথিওপিয়া বাংলাদেশের সাথে সরাসরি
বিমান চলাচল শুরু করে।

বাংলাদেশ ♦ ০৪.১১.২০২৪ | সোমবার
— প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে
চেয়ারপারসন করে বাংলাদেশ
পরিকল্পনা কমিশন গঠন।

আন্তর্জাতিক

— যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের
অভিবাসী বিষয়ক কর্মসূচি ‘কিপিং
ফ্যামিলিজ টুগেদার’-কে অবৈধ
ঘোষণা করে দেশটির টেক্সাস
অঙ্গরাজ্যের ডিস্ট্রিক্ট আদালত।

— ইন্টারপোলের ৯২তম সাধারণ
অধিবেশন যুক্তরাজ্যের গ্রাসগোথে শুরু।

বাংলাদেশ ♦ ০৬.১১.২০২৪ | বুধবার
— বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের
নতুন চার সদস্য শপথ গ্রহণ করেন।

আন্তর্জাতিক

— ভারত নিয়ন্ত্রিত জম্মু-কাশ্মীরের
হারানো বিশেষ মর্যাদা ফেরাতে
রাজ্যের বিধানসভায় এক প্রস্তাব
গৃহীত হয়।

বাংলাদেশ ♦ ০৭.১১.২০২৪ | বুধস্পতিবার
— উপদেষ্টা পরিষদের ১২তম বৈঠকে
‘সাইবার নিরাপত্তা আইন (রহিতকরণ)
অধ্যাদেশ, ২০২৪’-এর খসড়া
নীতিগত অনুমোদন।

— জাতীয় মানবাধিকার কমিশনের
চেয়ারম্যানসহ পাঁচজন অবৈতনিক
সদস্য পদত্যাগ করেন।

আন্তর্জাতিক

— ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী হিসেবে
শপথ নেন ইসরাইল ক্যাটজ।

আন্তর্জাতিক ♦ ০৮.১১.২০২৪ | শুক্রবার

— ভারতে সুপ্রিম কোর্টের সাত সদস্যের
সাংবিধানিক বেঞ্চ আলিগড় মুসলিম
বিশ্ববিদ্যালয়ের ‘সংখ্যালঘু’ মর্যাদা
ফিরে পেতে রায় দেন।

— মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী
মুহিউদ্দিন ইয়াসিনকে ১৩,৫০,০০০
রিস্তিত জরিমানা করেন দেশটির
একটি আদালত।

— আন্তর্জাতিক শিক্ষার্থীদের মধ্যে
জনপ্রিয় বিশেষ ভিসা কর্মসূচি স্কিম
স্টুডেন্ট ডিরেক্ট স্ট্রিম (SDS) বন্ধ
করে দেয় কানাডা।

আন্তর্জাতিক ♦ ০৯.১১.২০২৪ | শনিবার

— কানাডার ব্রিটিশ কলাম্বিয়া প্রদেশে
প্রথমবারের মতো এক ব্যক্তির শরীরে
এইচ৫ বার্ড ফ্লু সংক্রমণ ধরা পড়ে।
— রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন
উত্তর কোরিয়ার সঙ্গে দেশের
কৌশলগত অংশীদারত্বের চুক্তিতে
স্বাক্ষর করেন।

নভেম্বর ২০২৪ সংখ্যার সংশোধনী

পৃষ্ঠা	কলাম	লাইন	যা আছে	যা হবে
৬৭	২	২৫	দরিদ্র • দারিদ্র	দরিদ্র • দারিদ্র
৬৭	২	২৯	শ্বাশত	শাশ্বত

গ্রিসের রাষ্ট্রীয় নাম Hellenic Republic

বাংলাদেশ ♦ ১০.১১.২০২৪ | রবিবার
— অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা হিসেবে আরও তিনজন শপথ নেন।
— দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান ও কমিশনার নিয়োগের জন্য সুপারিশ করতে বাছাই কমিটি গঠন করে সরকার।

আন্তর্জাতিক

— হাইতির প্রধানমন্ত্রী গ্যারি কনিলকে বরখাস্ত করে ক্ষমতাসীন ট্রানজিশনাল প্রেসিডেনশিয়াল কাউন্সিল (IPC)।
— মরিশাসে গার্লমেন্ট নির্বাচন অনুষ্ঠিত।

বাংলাদেশ ♦ ১১.১১.২০২৪ | সোমবার
— হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবাসী লাউজের উদ্বোধন।

আন্তর্জাতিক

— পুনরায় জাপানের প্রধানমন্ত্রী নির্বাচিত হন শিগেরু ইশিরা।

— সৌদি আরবের রিয়াদে আরব লিগ ও ইসলামী সহযোগিতা সংস্থার যৌথ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত।

আন্তর্জাতিক ♦ ১৩.১১.২০২৪ | বুধবার
— যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন হোয়াইট হাউসে বৈঠক করেন।

বাংলাদেশ ♦ ১৪.১১.২০২৪ | বৃহস্পতিবার
— কুইক রেন্টাল সংক্রান্ত বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ এর ৯ ধারায় দায়মুক্তির বিধান অবৈধ ঘোষণা করেন হাইকোর্ট।

আন্তর্জাতিক

— শ্রীলঙ্কায় পার্লামেন্ট নির্বাচন অনুষ্ঠিত।
— প্রশান্ত মহাসাগরে সলোমন দ্বীপপুঞ্জের কাছে বিশ্বের সবচেয়ে বড় প্রবালের সম্ভ্রান পান বিজ্ঞানীরা।

বাংলাদেশ ♦ ১৫.১১.২০২৪ | শুক্রবার
— ত্রিপাক্ষিক চুক্তি অনুযায়ী নেপাল থেকে ভারতীয় গ্রিড হয়ে বাংলাদেশে পরীক্ষামূলকভাবে বিদ্যুৎ সরবরাহ শুরু।

আন্তর্জাতিক

— পেরুতে দু'দিনব্যাপী এশিয়া-প্যাসিফিক ইকোনমিক কোঅপারেশনের (APEC) শীর্ষ সম্মেলন শুরু।

বাংলাদেশ ♦ ১৬.১১.২০২৪ | শনিবার
— ঢাকার হোটেল সোনারগাঁওয়ে তৃতীয় বারের মতো তিন দিনব্যাপী 'বে অব বেঙ্গল কনভারসেশন' শুরু।

আন্তর্জাতিক

— ইন্দোনেশিয়ার বালিতে পাঁচ দিনব্যাপী যক্ষ্মা ও ফুসফুসের রোগবিষয়ক আন্তর্জাতিক সম্মেলন শেষ হয়।

বাংলাদেশ ♦ ১৭.১১.২০২৪ | রবিবার
— মজলুম জননেতা ও আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি মওলানা আবদুল হামিদ খান ভাসানীর ৪৮তম মৃত্যুবার্ষিকী পালিত।

— অন্তর্বর্তীকালীন সরকারের ১০০ দিন পূর্তি উপলক্ষে জাতির উদ্দেশ্যে ভাষণ দেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

আন্তর্জাতিক

— যুক্তরাষ্ট্রের সরবরাহ করা দূরপাল্লার ক্ষেপণাস্ত্র ব্যবহার করে রাশিয়ার ভুখণ্ডে হামলা চালানোর জন্য ইউক্রেনকে অনুমতি দেয় মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন।

বাংলাদেশ ♦ ১৮.১১.২০২৪ | সোমবার
— স্থানীয় সরকার সংস্কার কমিশন, শ্রম সংস্কার কমিশন, বিচার বিভাগ সংস্কার কমিশন, নারী বিষয়ক সংস্কার কমিশন, স্বাস্থ্যখাত সংস্কার কমিশন ও গণমাধ্যম সংস্কার কমিশন গঠন করে প্রজ্ঞাপন জারি।

— সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে জুলাই-অগাস্ট গণহত্যা মামলায় এক মাসের মধ্যে তদন্ত শেষ করার নির্দেশ দেয় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।

আন্তর্জাতিক

— ব্রাজিলের রিও ডি জেনিরোতে দু'দিনব্যাপী ১৯তম জি-২০ সম্মেলন শুরু।

বাংলাদেশ ♦ ১৯.১১.২০২৪ | মঙ্গলবার
— ঢাকা মহানগর এলাকায় তিনদিনের মধ্যে ব্যাটারিচালিত রিকশা চলাচল বন্ধের নির্দেশ দেয় হাইকোর্ট।

আন্তর্জাতিক

— সর্বাঙ্গিক যুদ্ধ শুরুর ১০০০তম দিনে যুক্তরাষ্ট্রের সরবরাহ করা দূরপাল্লার ক্ষেপণাস্ত্র দিয়ে প্রথমবারের মতো রাশিয়ার ভুখণ্ডে হামলা চালায় ইউক্রেন।
— রাশিয়া-ইউক্রেন যুদ্ধে কশ ব্যতীতীকৈ পরমাণু অস্ত্র ব্যবহারের অনুমতি দেন প্রেসিডেন্ট জো বাইডেন।

বাংলাদেশ ♦ ২০.১১.২০২৪ | বুধবার
— অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদ প্রথমবারের মতো সচিবালয়ে বৈঠক করে।

— উপদেষ্টা পরিষদের বৈঠকে 'আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) সংশোধন অধ্যাদেশ, ২০২৪'-এর খসড়া অনুমোদন।

আন্তর্জাতিক

— ইরাকে দীর্ঘ ৪০ বছর পর কারফিউ জারি করে দুই দিনব্যাপী আদমশুমারি শুরু হয়।

— নিরাপত্তা পরিষদে গাজা যুদ্ধবিরতির প্রস্তাবে আবারও ভেটো দেয় যুক্তরাষ্ট্র।

বাংলাদেশ ♦ ২১.১১.২০২৪ | বৃহস্পতিবার
— সাবেক সচিব এ এম এম নাসির উদ্দীনের নেতৃত্বে পাঁচ সদস্যের নতুন নির্বাচন কমিশন গঠন।

— বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক হিসেবে দায়িত্ব গ্রহণ করেন বাহরুল আলম।

আন্তর্জাতিক

— ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করে আন্তর্জাতিক অপরাধ আদালত (ICC)।

বাংলাদেশ ♦ ২৪.১১.২০২৪ | রবিবার
— নবনিযুক্ত প্রধান নির্বাচন কমিশনার (CEC) ও চার নির্বাচন কমিশনার শপথ গ্রহণ করেন।

বাংলাদেশ ♦ ২৫.১১.২০২৪ | সোমবার
— আন্তর্জাতিক অপরাধ আদালতের (ICC) প্রধান কৌশলি করিম খান চারদিনের সফরে ঢাকা পৌছেন।

শীর্ষ সংবাদ

৩০ অক্টোবর : দ্বিতীয়বারের মতো নারী সাফ চ্যাম্পিয়ন হয় বাংলাদেশ।

০১ নভেম্বর : দেশের কাঁচারাজ্যে পলিথিন ব্যাগ নিষিদ্ধ।

০৫ নভেম্বর : ৬০তম মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়।

: মহাকাশে প্রথমবারের মতো কাঠের স্যাটেলাইট উৎক্ষেপণ।

১১ নভেম্বর : আজারবাইজানের বাকুতে COP29 শুরু।

১৬ নভেম্বর : ভারত প্রথমবারের মতো হাইপারসনিক ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা চালায়।

১৮ নভেম্বর : সরকারি চাকরিতে প্রবেশের বয়স ৩২ বছর করে অধ্যাদেশ জারি।

ল্যাটিন Graecia শব্দ থেকে গ্রিস নামের উদ্ভব হয়



সাম্প্রতিক

MCQ

গুরুত্বপূর্ণ প্রশ্ন

কারেন্ট অ্যাফেয়ার্স

উত্তর

১. ঘ
২. গ
৩. খ
৪. ক
৫. ক
৬. ঘ
৭. খ
৮. গ
৯. ঘ
১০. ক
১১. ঘ
১২. ক
১৩. খ
১৪. খ
১৫. ক
১৬. গ
১৭. গ
১৮. ক
১৯. গ
২০. গ
২১. ঘ
২২. ক
২৩. ক
২৪. গ

বাংলাদেশ

১. ২১ নভেম্বর ২০২৪ পর্যন্ত অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা কতজন?
ক) ২১ খ) ২২ গ) ২৩ ঘ) ২৪
২. বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রথম শহীদ আবু সাঈদকে নিয়ে অঙ্কিত শিল্পকর্ম 'উন্নত মম শির'-এর শিল্পী কে?
ক) বীরেন সোম খ) কৌশিক সরকার
গ) শহীদ কবির ঘ) চুনিলাল দেওয়ান
৩. চতুর্থ অর্থনৈতিক স্তমির কবে অনুষ্ঠিত হবে?
ক) ১-১৬ ডিসেম্বর ২০২৪ গ) ১০-২৬ ডিসেম্বর ২০২৪
ঘ) ১-১৬ জানুয়ারি ২০২৫ ঘ) ১০-২৬ জানুয়ারি ২০২৫
৪. বাংলা একাডেমির বর্তমান সভাপতি কে?
ক) অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক
খ) সেলিনা হোসেন
গ) মোস্তফা সরয়ার ফারুকী
ঘ) অধ্যাপক মোহাম্মদ আজম
৫. দেশের বৃহত্তম অর্থনৈতিক অঞ্চলের বর্তমান নাম কী?
ক) জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল
খ) বাংলাদেশ বিশেষ অর্থনৈতিক অঞ্চল
গ) বাংলাদেশ শিল্পনগর
ঘ) বেঙ্গা বিশেষ অর্থনৈতিক অঞ্চল
৬. স্থানীয় সরকার সংস্কার কমিশনের প্রধান কে?
ক) এ এম এম নাসির উদ্দিন
খ) অধ্যাপক মো. তারিকুল ইসলাম
গ) অধ্যাপক ফেরদৌস আরফিনা ওসমান
ঘ) অধ্যাপক তোফায়েল আহমেদ
৭. বর্তমানে দেশে চাকরিতে প্রবেশের বয়সসীমা কত বছর?
ক) ৩০ বছর গ) ৩২ বছর ঘ) ৩৪ বছর
খ) ৩১ বছর ঘ) ৩৫ বছর
৮. রাজশাহীর প্রথম নারী জেলা প্রশাসক কে?
ক) ফৌজিয়া খান খ) অফরোজা আক্তার চৌধুরী
গ) আফিয়া আখতার ঘ) ফরিদা খানম
৯. ১৮ নভেম্বর ২০২৪ ঋণমান যাচাইকারী প্রতিষ্ঠান 'মুডিস' বাংলাদেশের ঋণমান রেটিংস কত করে?
ক) Aa3 খ) Baa1 গ) Ba2 ঘ) B2

আন্তর্জাতিক

১০. লেবাননের রাজনৈতিক ও সশস্ত্র সংগঠন হিজবুল্লাহর নতুন মহাসচিব কে?
ক) নাইম কাশেম খ) খালেদ মোশাল
গ) সুবি আল-তুফায়লী ঘ) হাশেম সাফিউদ্দিন

১১. সৌদি আরবের রিয়াদে নির্মিতব্য বিশ্বের সবচেয়ে ব্যয়বহুল ভবনের নাম কী?
ক) আল মাজদুল টাওয়ার খ) বুর্জ রাফাল
গ) জেদ্দা টাওয়ার ঘ) মুকাব টাওয়ার
১২. যুক্তরাজ্যের কনজারভেটিভ পার্টির প্রথম কৃষিক্ষেত্র নেতা কে?
ক) কেমি বেইডনক খ) রবার্ট জেনরিক
গ) লিজ ট্রাস ঘ) এমমুসি মাইমান
১৩. নিম্নের কোন দেশ BRICS'র সহযোগী দেশের মর্যাদা পেয়েছে?
ক) বাংলাদেশ খ) ইন্দোনেশিয়া
গ) সৌদি আরব ঘ) মিয়ানমার
১৪. 'বিটকয়েন' কোন দেশের অফিশিয়াল মুদ্রা?
ক) উত্তর কোরিয়া খ) এল সালভাদর
গ) ভিয়েতনাম ঘ) ভেনেজুয়েলা
১৫. ইন্টারপোলের নবম মহাসচিব কে?
ক) ভালডেসি উরকুইজা (ব্রাজিল)
খ) জার্গেন স্টক (জার্মানি)
গ) রোনাল্ড কেনেথ নোবেল (যুক্তরাষ্ট্র)
ঘ) অস্কার ড্রেসলার (অস্ট্রিয়া)
১৬. ১ এপ্রিল ২০২৫ কমনওয়েলথের সপ্তম মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন কে?
ক) অ্যামি পোপ খ) প্যাট্রিসিয়া স্কটল্যান্ড
গ) শার্লি অয়োরকর বোচগ্রে ঘ) ফাতমা সামৌরা
১৭. বিশ্বের প্রথম কাঠ দিয়ে তৈরি স্যাটেলাইট বা উপগ্রহের নাম কী?
ক) Sputnik 1 খ) CryoSat-2
গ) LignoSat ঘ) SkySat
১৮. বিশ্বের কোন দেশ প্রথম কাঠ দিয়ে স্যাটেলাইট তৈরি করে?
ক) জাপান খ) যুক্তরাষ্ট্র গ) রাশিয়া ঘ) চীন
১৯. জাতিসংঘ ঘোষিত নারী-কৃষকদের আন্তর্জাতিক বর্ষ কোনটি?
ক) ২০২৪ খ) ২০২৫ গ) ২০২৬ ঘ) ২০২৭
২০. জাতিসংঘ ঘোষিত টেকসই এবং স্থিতিস্থাপক পর্যটনের আন্তর্জাতিক বর্ষ কোনটি?
ক) ২০২৫ খ) ২০২৬ গ) ২০২৭ ঘ) ২০২৮
২১. ২০২৪ সালে ৭৩তম মিস ইউনিভার্স নির্বাচিত হন কে?
ক) শেইনিস প্যালাসিওস খ) মারিয়া ফার্নান্দা বেলট্রান
গ) চিদিনমা আদেতশিনা ঘ) ডিট্টোরিয়া কিয়ের থিলজি
২২. ভিজ্যুয়াল ক্যাপিটালিস্ট-এর তথ্য অনুসারে প্রাকৃতিক সম্পদে শীর্ষ ধনী দেশ কোনটি?
ক) রাশিয়া খ) যুক্তরাষ্ট্র
গ) সৌদি আরব ঘ) কানাডা
২৩. ভারত প্রথমবারের মতো হাইপারসনিক ক্ষেপণাস্রের সফল পরীক্ষা চালায় কবে?
ক) ১৬ নভেম্বর ২০২৪ খ) ১৭ নভেম্বর ২০২৪
গ) ১৮ নভেম্বর ২০২৪ ঘ) ১৯ নভেম্বর ২০২৪
২৪. Army Tactical Missile System (ATACMS) কোন দেশের তৈরি?
ক) রাশিয়া খ) চীন গ) যুক্তরাষ্ট্র ঘ) তুরস্ক

গ্রিসের রাজধানী এথেন্স

যুক্তরাষ্ট্র

২৫. ২০ জানুয়ারি ২০২৫ যুক্তরাষ্ট্রের ৪৭তম প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন কে?
 ক) জেমস ডেভিড ভ্যান্স (X) ডোনাল্ড ট্রাম্প
 গ) কমলা হ্যারিস (X) জো বাইডেন
২৬. যুক্তরাষ্ট্রের ৫০তম ভাইস প্রেসিডেন্ট কে?
 ক) টিম ওয়ালজ (X) আল গোর
 গ) কমলা হ্যারিস (X) জেমস ডেভিড ভ্যান্স
২৭. নতুন প্রতিরক্ষামন্ত্রী কে?
 ক) পিট হেগসেথ (X) ডগ বারগাম
 গ) ক্রিস্টি নোয়েম (X) ডগ কলিন্স
২৮. নতুন পররাষ্ট্রমন্ত্রী কে?
 ক) এলিস স্টেফানিক (X) মার্কে রুবিও
 গ) তুলসি গ্যাবার্ড (X) মাইক ওয়াল্ফস
২৯. হোয়াইট হাউসের প্রথম নারী চিফ অব স্টাফ হচ্ছেন কে?
 ক) মেলানিয়া ট্রাম্প (X) জ্যানিট ইয়ালেন
 গ) কমলা হ্যারিস (X) সুসি ওয়াইলস

সংস্থার সদস্য

৩০. আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD)-এর বর্তমান সদস্য দেশ কতটি?
 ক) ১৭৯ (X) ১৮১ (X) ১৮৩ (X) ১৮৫
৩১. ২২ অক্টোবর ২০২৪ কোন দেশ IFAD'র ১৭৯তম সদস্যপদ লাভ করে?
 ক) কসোভো (X) ইউক্রেন
 গ) ফিলিপ্তিন (X) সার্বিয়া
৩২. আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (IMF) বর্তমান সদস্য দেশ কতটি?
 ক) ১৯০টি (X) ১৯১টি (X) ১৯২টি (X) ১৯৩টি
৩৩. ২১ অক্টোবর ২০২৪ কোন দেশ IMF'র ১৯১তম সদস্যপদ লাভ করে?
 ক) কিউবা (X) মোনাকো
 গ) লিচেনস্টেইন (X) উত্তর কোরিয়া
৩৪. আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার (IDA) বর্তমান সদস্য দেশ কতটি?
 ক) ১৭৫টি (X) ১৭৭টি (X) ১৭৯টি (X) ১৮০টি
৩৫. ১৮ অক্টোবর ২০২৪ কোন দেশ IDA'র ১৭৫তম সদস্যপদ লাভ করে?
 ক) তাইওয়ান (X) সুরিনাম
 গ) কসোভো (X) ফিলিপ্তিন
৩৬. ১ জানুয়ারি ২০২৫ কোন দেশ আন্তর্জাতিক অপরাধ আদালতের (ICC) ১২৫তম সদস্যপদ লাভ করবে?
 ক) ইউক্রেন (X) ফিলিপ্তিন
 গ) লিবিয়া (X) লেবানন
৩৭. এশিয়ান ক্রিমারিং ইউনিয়নের (ACU) বর্তমান সদস্য দেশ কতটি?
 ক) ৯টি (X) ১০টি (X) ১১টি (X) ১২টি
৩৮. ACU'র সর্বশেষ সদস্য দেশ কোনটি?
 ক) বেলারুশ (X) চীন (X) ইরাক (X) মরিশাস

সম্মেলন

৩৯. ২০২৫ সালে ৩০তম জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন (COP30) কোথায় অনুষ্ঠিত হবে?
 ক) সংযুক্ত আরব আমিরাত (X) আজারবাইজান
 গ) ব্রাজিল (X) ভারত
৪০. ২০২৬ সালে বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) ১৪তম মন্ত্রিপরিষদের সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?
 ক) ব্রাজিল (X) স্কটল্যান্ড
 গ) ক্যামেরুন (X) সুইজারল্যান্ড
৪১. ২০তম G20 শীর্ষ সম্মেলন কবে অনুষ্ঠিত হবে?
 ক) ২৭-২৮ সেপ্টেম্বর ২০২৫
 গ) ২৭-২৮ অক্টোবর ২০২৫
 ড) ২৭-২৮ নভেম্বর ২০২৫
 ঘ) ২৭-২৮ ডিসেম্বর ২০২৫
৪২. ২০তম G20 শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?
 ক) রিয়াদ, সৌদি আরব (X) জোহানেসবার্গ, দ. আফ্রিকা
 গ) হামবুর্গ, জার্মানি (X) টোকিও, জাপান
৪৩. ১১তম ডি-৮ শীর্ষ সম্মেলন কবে অনুষ্ঠিত হবে?
 ক) ১৯ ডিসেম্বর ২০২৪ (X) ২১ ডিসেম্বর ২০২৪
 গ) ২৩ ডিসেম্বর ২০২৪ (X) ২৫ ডিসেম্বর ২০২৪
৪৪. ১১তম ডি-৮ শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?
 ক) বালি, ইন্দোনেশিয়া (X) কায়রো, মিসর
 গ) তেহরান, ইরান (X) আবুজা, নাইজেরিয়া
৪৫. ২০২৬ সালে ২৮তম কমনওয়েলথ শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?
 ক) কানাডা (X) অ্যান্টগুয়া এন্ড বারবুডা
 গ) অস্ট্রেলিয়া (X) যুক্তরাজ্য

পুরস্কার

৪৬. ২০২৪ সালের বুকার পুরস্কার লাভ করেন কে?
 ক) মার্গারেট অটউড (কানাডা)
 গ) সামান্থা হার্ভে (যুক্তরাজ্য)
 ড) পল লিঞ্চ (আয়ারল্যান্ড)
 ঘ) শিহান করুণাতিলকা (শ্রীলংকা)
৪৭. কোন উপন্যাসের জন্য ২০২৪ সালের বুকার পুরস্কার প্রদান করা হয়?
 ক) Orbital (X) The Western Wind
 গ) Dear Thief (X) The Wilderness

ক্রীড়াঙ্গন

৪৮. ২০২৪ সালের ব্যালন ডি'অর জয়ী কে?
 ক) রদ্রি (X) লিওনেল মেসি
 গ) নেইমার (X) কিলিয়ান এমবাপে
৪৯. ২০২৪ সালে সপ্তম সফ নারী চ্যাম্পিয়ন হয় কোন দেশ?
 ক) নেপাল (X) ভারত
 গ) বাংলাদেশ (X) শ্রীলংকা
৫০. বাংলাদেশ ফুটবল ফেডারেশনের বর্তমান সভাপতি কে?
 ক) সাকিবর আহমেদ (X) ইমরুল হাসান
 গ) কাজী সালাহউদ্দীন (X) তাবিথ আউয়াল

কারেন্ট অ্যাফেয়ার্স

উত্তর

২৫. খ
 ২৬. ঘ
 ২৭. ক
 ২৮. খ
 ২৯. ঘ
 ৩০. ক
 ৩১. খ
 ৩২. খ
 ৩৩. ঘ
 ৩৪. ক
 ৩৫. খ
 ৩৬. ক
 ৩৭. গ
 ৩৮. ঘ
 ৩৯. গ
 ৪০. গ
 ৪১. গ
 ৪২. খ
 ৪৩. ক
 ৪৪. খ
 ৪৫. খ
 ৪৬. খ
 ৪৭. ক
 ৪৮. ক
 ৪৯. গ
 ৫০. ঘ

Join : Smart Cookies for Bank Preparation

Recent Info Inquiry

Bangladesh

Ques: Who is the Chief Prosecutor of the International Crimes Tribunal?

Ans: Mohammad Tajul Islam.

Ques: On what date experimental Power supply (40 MW) from Nepal via India begins?

Ans: 15 November 2024.

Ques: On what date The Economic Census 2024 will begin?

Ans: 10 December 2024.

Ques: Which organizations have discussed introducing orange bonds worth \$1 billion in Bangladesh?

Ans: The Economic Relations Division (ERD) in partnership with the United Nations Development Programme (UNDP) and the Impact Investment Exchange (IIX).

Ques: What is 'orange bonds'?

Ans: Orange bonds are a cross-cutting asset class designed to invest in gender equity and climate action.

Ques: Name of the AI Chabot launched by Prime Bank Investment Ltd—

Ans: PrimeInvest.

Ques: Who is the 14th Chief Election Commissioner of Bangladesh?

Ans: AMM Nasir Uddin.

Ques: Which club was launched by Pope Francis and Chief Adviser Professor Muhammad Yunus in Rome?

Ans: Pope Francis-Yunus 3 Zero Club.

Ques: Who has taken charge as the chairperson of SAARCFINANCE Network?

Ans: Bangladesh Bank Governor Dr Ahsan H Mansur.

International

Ques: For which novel Samantha Harvey wins the Booker Prize 2024?

Ans: Orbital.

Ques: Duration of COP29 be convened in Baku, Azerbaijan—

Ans: 11-22 November 2024.

Ques: In which place the 2025 UN Climate Change Conference (UNFCCC COP30) will be convened?

Ans: Belém, Brazil.

Ques: Who retains Japan's premier position in runoff vote, 1st time in 30 years?

Ans: Shigeru Ishiba.

Ques: According to FAO what is the hidden costs of global agrifood systems?

Ans: At least \$10 trillion.

Ques: What is 'Oreshnik' (Hazel tree)?

Ans: A new Russian hypersonic ballistic missile.

Ques: On what date Putin signs into law mutual defense treaty with North Korea?

Ans: 9 November 2024.

Ques: On what date Pre-Trial Chamber I of ICC issued warrant of arrest for Benjamin Netanyahu and Yoar Gallant?

Ans: 21 November 2024.

US Presidential Election 2024

Ques: When was the 2024 US presidential election held?

Ans: The election was held on 5 November 2024.

Ques: On what date Donald Trump will take oath as 47th president?

Ans: 20 January 2025.

Ques: How many electoral votes did Donald Trump and Kamala Harris receive?

Ans: Donald Trump received 312 electoral votes and Kamala Harris received 226.

Ques: Who is the first transgender person to serve in the US Congress?

Ans: Sarah McBride.

Ques: Who has been picked by Donald Trump as US Treasury Secretary?

Ans: Scott Bessent.

Ques: Name of the wooden satellite launched by Japan on 5 November 2024—

Ans: LignoSat.

Sports

Ques: Who has won the 2024 Men's Ballon d'Or?

Ans: Rodri (Spain, Manchester City).

Ques: Who has won the 2024 Women's Ballon d'Or?

Ans: Aitana Bonmati (Spain, Barcelona).

Ques: The only cricketer to score three consecutive centuries in T20 matches—

Ans: India's Tilak Varma.

Ques: Who received the Best Goalkeeper award in SAFF Women's Championship 2024?

Ans: Rupna Chakma.

Ques: First Bangladeshi player to surpass 6000 Test runs—

Ans: Mushfiqur Rahim.

মিসের মুদ্রার নাম ইউরো

সাম্প্রতিক প্রশ্নোত্তর

বাংলাদেশ

প্রশ্ন: বাংলাদেশ সেনাবাহিনীর 'আর্মি এয়ার ডিফেন্স কোরের' যাত্রা শুরু হয় কবে?

উত্তর: ১১ নভেম্বর ২০২৪।

প্রশ্ন: সম্প্রতি হরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবাসী শ্রমিকদের জন্য কোন সেবা চালু করা হয়?

উত্তর: প্রবাসী লাউঞ্জ।

প্রশ্ন: বিমসটেকের পরবর্তী চেয়ারম্যান হবে কোন দেশ?

উত্তর: বাংলাদেশ।

প্রশ্ন: খাগড়াছড়ি জেলা পরিষদে প্রথমবারের মতো নতুন নারী চেয়ারম্যান হন কে?

উত্তর: জিক্রনা ত্রিপুরা।

প্রশ্ন: বাণিজ্য মন্ত্রণালয়ের নতুন উপদেষ্টার নাম কী?

উত্তর: শেখ বশির উদ্দীন।

প্রশ্ন: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নতুন উপদেষ্টার নাম কী?

উত্তর: মোস্তফা সরয়ার ফারুকী।

প্রশ্ন: প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের রোহিঙ্গা সমস্যা বিষয়ক বিশেষ প্রতিনিধি কে?

উত্তর: ড. খলিলুর রহমান।

প্রশ্ন: দেশের ১৪তম প্রধান নির্বাচন কমিশনার (CEC) হিসেবে নিয়োগ পান কে?

উত্তর: এ এম এম নাসির উদ্দীন।

প্রশ্ন: শেখ রাসেল ন্যাশনাল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতালের বর্তমান নাম কী?

উত্তর: ন্যাশনাল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল।

প্রশ্ন: জাতীয় বিশ্ববিদ্যালয়ের নতুন আঞ্চলিক কেন্দ্র কোথায় স্থাপিত হবে?

উত্তর: বগুড়ায়।

প্রশ্ন: পাবনা বাংলাদেশের প্রথম জাতীয় ফুটবল দলের অধিনায়কের নাম কী?

উত্তর: মোহাম্মদ জাকারিয়া পিন্টু।

আন্তর্জাতিক

প্রশ্ন: সম্প্রতি রশ্যা দিয়ে মহাকাশের স্যাটেলাইট ধ্বংস করতে সক্ষম ফেঙ্গোয়ান্স আবিষ্কার করে কোন দেশ?

উত্তর: চীন।

প্রশ্ন: ভারতের প্রথম বেসরকারি সামরিক বিমান কারখানায় যৌথভাবে ভারত ও স্পেন কোন ধরনের বিমান তৈরি করবে?

উত্তর: সি-২৯৫ সামরিক বিমান।

প্রশ্ন: ১৮ নভেম্বর ২০২৪ শ্রীলংকার প্রধানমন্ত্রী হিসেবে পুনরায় নিয়োগ পান কে?

উত্তর: হরিণী আমারাসুরিয়াক।

প্রশ্ন: ভুটানের নেতৃত্বে গঠিত কার্বন নিষ্সরণ কমাতে নতুন ফোরামের নাম কী?

উত্তর: জি-জিরো।

প্রশ্ন: সম্প্রতি আফগানিস্তানের সাথে পুনরায় সরাসরি মালবাহী ট্রেন চলাচল শুরু করে কোন দেশ?

উত্তর: চীন।

প্রশ্ন: চীনের প্রথম ও সর্বকনিষ্ঠ নারী হিসেবে মহাকাশে পৌঁছান কে?

উত্তর: ওয়াং হাওজেও।

প্রশ্ন: যুক্তরাষ্ট্রের রাজনীতিতে 'থ্যাড গল্ড পার্টি' নামে পরিচিত কোন দল?

উত্তর: রিপাবলিকান পার্টি।

প্রশ্ন: যুক্তরাষ্ট্র সরকারি চাকরিজীবীদের দক্ষতা উন্নয়নে নতুন কোন বিভাগ চালু করে?

উত্তর: Department of Government Efficiency (DOGE)।

প্রশ্ন: যুক্তরাষ্ট্রের নির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প কাকে স্বাস্থ্য মন্ত্রী হিসেবে নিয়োগ দেন?

উত্তর: রবার্ট এফ কেনেডি জুনিয়র।

প্রশ্ন: ডোনাল্ড ট্রাম্প কাকে বাণিজ্যমন্ত্রী হিসেবে নিয়োগ দেন?

উত্তর: হ্যাওয়ার্ড ল্যাটিনিক।

প্রশ্ন: মার্কিন নির্বাচন ২০২৪-এ প্রতিনিধি পরিষদে প্রথম ট্রান্সজেন্ডার নির্বাচিত হন কে?

উত্তর: সারা হ ম্যাকব্রাইড।

প্রশ্ন: যুক্তরাষ্ট্রের নব-নির্বাচিত অর্থমন্ত্রীর নাম কী?

উত্তর: স্কট ব্যাসেন্ট।

প্রশ্ন: যুক্তরাষ্ট্রের নব-নির্বাচিত শিক্ষামন্ত্রীর নাম কী?

উত্তর: লিন্ডা ম্যাকমাহন।

প্রশ্ন: ২১ নভেম্বর ২০২৪ কোন প্রধানমন্ত্রীর বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ আদালত (ICC) গ্রেপ্তারি পরোয়ানা জারি করে?

উত্তর: ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু।

প্রশ্ন: আন্তর্জাতিক ভূমি মাইন নিষিদ্ধকরণ (ICBL) প্রকাশিত গবেষণা অনুযায়ী ভূমিমাইনের সর্বাধিক ব্যবহার হয় কোন দেশে?

উত্তর: মিয়ানমার।

প্রশ্ন: 'দাহিয়া ডকট্রিন' কী?

উত্তর: দাহিয়া ডকট্রিন হলো ব্যাপক ও অসম শক্তি প্রয়োগ এবং বেসামরিক লোকজন ও স্থাপনার ওপর ইচ্ছাকৃত হামলার ইসরায়েলি রণনীতি।

প্রশ্ন: কানাডায় প্রথমবারের মতো কবে মানব শরীরে এইচ৫ বার্ড ফ্লুর সংক্রমণ ধরা পড়ে?

উত্তর: ১০ নভেম্বর ২০২৪।

প্রশ্ন: ২০২৪ সালের আন্তর্জাতিক শিশু পুরস্কার লাভ করেন কে?

উত্তর: আফগানিস্তানের নিলা ইব্রাহিমি।

প্রশ্ন: ভারতের নতুন প্রধান বিচারপতির নাম কী?

উত্তর: সঞ্জিব খান্না।

প্রশ্ন: Conference of the Parties (COP) 29 কোন দেশে অনুষ্ঠিত হয়?

উত্তর: বাকু, আজারবাইজান।

ক্রীড়াঙ্গন

প্রশ্ন: ACC Emerging Teams Asia Cup 2024-এ চ্যাম্পিয়ন হয় কোন দেশ?

উত্তর: আফগানিস্তান।

প্রশ্ন: সফ নারী চ্যাম্পিয়নশিপ ২০২৪ রানার্সআপ হয় কোন দল?

উত্তর: নেপাল।

গ্রিসের কেন্দ্রীয় ব্যাংক 'ব্যাংক অব গ্রিস'

দৃষ্টিভুড়ে বাংলাদেশ ও বিশ্ব

নব-নিযুক্ত

বাংলাদেশ

সিনিয়র সচিব

- মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় : এম এ আকমল হোসেন আজাদ।
- মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় : মমতাজ আহমেদ।
- নৌপরিবহন মন্ত্রণালয় : মোহাম্মদ ইউসুফ।

সচিব

- স্বাস্থ্য সেবা বিভাগ : মো. সাইদুর রহমান।
- আর্থিক প্রতিষ্ঠান বিভাগ : নাজমা মোবারেক।
- পরিকল্পনা বিভাগ : ইকবাল আব্দুল্লাহ হাকুন।
- ধর্ম বিষয়ক মন্ত্রণালয় : এ কে এম আফতাব হোসেন প্রামাণিক।
- সমাজকল্যাণ মন্ত্রণালয় : ড. মো. মহিউদ্দিন।

চেয়ারম্যান

- বাংলাদেশ পর্যটন কর্পোরেশন : সায়েরমা শাহীন সুলতানা।
- বাগড়াছড়ি জেলা পরিষদ : জিরুনা ত্রিপুরা।
- রাঙ্গামাটি জেলা পরিষদ : কাজল তালুকদার।
- বান্দরবান জেলা পরিষদ : খানজামা লুসাই।
- বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) : আনোয়ার আলদীন।
- প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (PIB) : ড. ফেরদৌস আজীম।
- বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA) : কাজী মোখলেছুর রহমান।

মহাপরিচালক

- প্রধান উপদেষ্টার কার্যালয় : কাউসার নাসরীন।
- কোস্টগার্ড : রিয়ার অ্যাডমিরাল মো. জিয়াউল হক।

- ইসলামিক ফাউন্ডেশন : মো. রেজানুর রহমান।
- বাংলাদেশ টেলিভিশন : মো. ছালাহ উদ্দিন।
- বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (BLRI) : ড. শাকিলা ফারুক।
- এনজিও বিষয়ক ব্যুরো : মো. আব্দুর রউফ।

বিভাগীয় কমিশনার

- ময়মনসিংহ : মো. মোখতার হোসেন।
- বরিশাল : মো. রায়হান কাওছার।

উপাচার্য

- রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় : অধ্যাপক ড. এস এম আব্দুর রাজ্জাক।
- চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় : অধ্যাপক মাহমুদ আব্দুল মতিন ভূঁইয়া।
- বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় : অধ্যাপক ড. মো. জুলহাস উদ্দিন।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় : অধ্যাপক ড. জি কে এম মোস্তাফিজুর রহমান।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর : অধ্যাপক ড. মো. শাহিদুল ইসলাম।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ : অধ্যাপক হোসেন উদ্দিন শেখর।
- খুলনা কৃষি বিশ্ববিদ্যালয় : অধ্যাপক ড. মো. নাজমুল আহসান।
- চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় : অধ্যাপক ড. পেয়ার আহমেদ।

বিবিধ

- বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (IGP) : বাহরুল আলম।
- কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ : শেখ মো. সাজ্জাত আলী।

- সদস্য, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন : মো. জহিরুল ইসলাম ভূঁইয়া, এ এস এম গোলাম হাফিজ, অধ্যাপক ড. এম সোহেল রহমান এবং ড. চৌধুরী সায়মা ফেরদৌস।
- প্রধান উপদেষ্টার রোহিঙ্গা সমস্যা ও অঘাধিকারপ্রাপ্ত বিষয়াবলি সংক্রান্ত হাই রিপ্রেজেন্টেটিভ : ড. খলিলুর রহমান।
- ট্রেজারার, জগন্নাথ বিশ্ববিদ্যালয় : অধ্যাপক ড. সাবিনা শারমিন (বিশ্ববিদ্যালয়টির প্রথম নারী ট্রেজারার)।

আন্তর্জাতিক

প্রেসিডেন্ট

- বতসোয়ানা : ডুমা বোকো; দায়িত্ব গ্রহণ ১ নভেম্বর ২০২৪।
- ফিজি : নাইকামা লালাবালভু; দায়িত্ব গ্রহণ ১২ নভেম্বর ২০২৪।
- মৌজাম্বিক : ড্যানিয়েল চ্যাপো; দায়িত্ব গ্রহণ ১৫ জানুয়ারি ২০২৫।

প্রধানমন্ত্রী

- হাইতি : অ্যালিক্স দিদিয়ার ফিলস এইমি; দায়িত্ব গ্রহণ ১০ নভেম্বর ২০২৪।
- মরিশাস : নভিন রামগুলাম; দায়িত্ব গ্রহণ ১৩ নভেম্বর ২০২৪।

বিবিধ

- মহাসচিব, ইন্টারপোল : ভালডেসি উরকুইজা (ব্রাজিল); দায়িত্ব গ্রহণ ৭ নভেম্বর ২০২৪।
- মহাসচিব, কমনওয়েলথ : শার্লি আয়োরকর বোচাওয়ে (ঘানা); ১ এপ্রিল ২০২৫ তিনি কমনওয়েলথের সপ্তম ও দ্বিতীয় নারী মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন।
- ভারতের ৫১তম প্রধান বিচারপতি : বিচারপতি সঞ্জিব খান্না; ১১ নভেম্বর ২০২৪ শপথ গ্রহণ করেন।
- ৭৩তম মিস ইউনিভার্স : ভিক্টোরিয়া কজেয়ার থেইলভিগ (ডেনমার্ক); নির্বাচিত হন ১৬ নভেম্বর ২০২৪।

ট্রাম্প প্রশাসন আপডেট [২৩.১১.২৪]

- অর্থমন্ত্রী : স্কাট ব্যাসেট
- শ্রমমন্ত্রী : লরি শ্যাভেজ-ডিরেমার
- অ্যাটর্নি জেনারেল : পাম বন্ডি
- গৃহায়ন ও শহর উন্নয়নমন্ত্রী : স্কাট টার্নার
- ব্যবস্থাপনা ও বাজেট অফিসের পরিচালক : রাসেল ভাউট



বাংলা একাডেমির সভাপতি
২৮ অক্টোবর ২০২৪ বাংলা একাডেমির সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক। তিনি ৩০ সেপ্টেম্বর ১৯৪০ বিশ্বশরণাঙ্গণের পাকুন্দিয়ায় জন্মগ্রহণ করেন। ১৭ অক্টোবর ২০২৪ বাংলা একাডেমির প্রথম নারী সভাপতি কথাসাহিত্যিক সেলিনা হোসেন পদত্যাগ করেন। ৬ ফেব্রুয়ারি ২০২২ তিনি এ দায়িত্ব নেন।

ত্রিসের সরকার পদ্ধতি সংসদীয় গণতন্ত্র

লোকান্তর

- ♦ **স ম জাকারিয়া (মৃত্যু: ১২ নভেম্বর ২০২৪)** : সাবেক নির্বাচন কমিশনার। তিনি ১ এপ্রিল ২০০২-১৫ জানুয়ারি ২০০৬ পর্যন্ত নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। এরপর ১৬ জানুয়ারি ২০০৬-৩১ জানুয়ারি ২০০৭ পর্যন্ত নির্বাচন কমিশনার ছিলেন।
- ♦ **উইলিয়াম রাদিচে (১১ নভেম্বর ১৯৫১-১১ নভেম্বর ২০২৪)** : কবি, অনুবাদক ও গবেষক। রবীন্দ্রনাথ ঠাকুরের বহু কবিতা, গল্প এবং মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য' ইংরেজি ভাষায় অনুবাদ করেন। রবীন্দ্রনাথ ঠাকুরের 'জীবিত ও মৃত', 'পোস্টমাস্টার', 'কাবুলিওয়ালার' ভাষান্তর করেন।
- ♦ **গুস্তাদ আশীষ খাঁ (৫ ডিসেম্বর ১৯৩৯-১৫ নভেম্বর ২০২৪)** : ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীতশিল্পী এবং একজন সরোদ বাদক। ৬৫তম গ্র্যামি অ্যাওয়ার্ডসে 'বেস্ট ট্রাডিশনাল ওয়ার্ল্ড মিউজিক অ্যালবাম' বিভাগে 'গোল্ডেন স্ট্রিং অব দ্য সরোদ'-এর জন্য মনোনয়ন পান গুস্তাদ আশীষ খাঁ।
- ♦ **মাসুদ আলী খান (৬ অক্টোবর ১৯২৯-৩১ অক্টোবর ২০২৪)** : টেলিভিশন, চলচ্চিত্র এবং মঞ্চ অভিনেতা। ১৯৬৪ সালে ঢাকায় টেলিভিশন কেন্দ্র স্থাপিত হওয়ার পর নূরুল মোমেনের নাটক 'ভাই ভাই সবাই' দিয়ে ছোট পর্দায় অভিষেক হয়। শিল্পকলায় অবদানের জন্য ২০২৩ সালে একুশে পদক লাভ করেন।
- ♦ **মোহাম্মদ জাকারিয়া পিন্টু (১ জানুয়ারি ১৯৪৩-১৮ নভেম্বর ২০২৪)** : মুক্তিযুদ্ধকালীন স্বাধীন বাংলা ফুটবল দল ও স্বাধীন বাংলাদেশের প্রথম জাতীয় ফুটবল দলের অধিনায়ক। তিনি নওগাঁ জেলায় জন্মগ্রহণ করেন। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় দেশের শীর্ষ ফুটবলাররা গঠন করেন 'স্বাধীন বাংলা ফুটবল দল'। দলটি ভারতের বিভিন্ন রাজ্যে ১৬টি ম্যাচে অংশ নেয়। পরে স্বাধীন বাংলাদেশের প্রথম জাতীয় ফুটবল দলকেও নেতৃত্ব দেন জাকারিয়া পিন্টু। তার অধিনায়কত্বে ১৯৭৩ সালে মালয়েশিয়ার মারদেকা কাপে অংশ নেয় বাংলাদেশ। ১৯৭৮ সালে পান জাতীয় ক্রীড়া পুরস্কার এবং ১৯৯৫ সালে ক্রীড়া বিভাগে স্বাধীনতা পুরস্কার অর্জন করেন।
- ♦ **বিচারপতি মোহাম্মদ ফজলুল করিম (৩০ সেপ্টেম্বর ১৯৪৩-১৬ নভেম্বর ২০২৪)** : দেশের ১৮তম প্রধান বিচারপতি। তিনি চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার সূচক্রন্দণ্ডি গ্রামে জন্মগ্রহণ করেন। ৮ ফেব্রুয়ারি-২৯ সেপ্টেম্বর ২০১০ পর্যন্ত তিনি প্রধান বিচারপতি হিসেবে দায়িত্ব পালন করেন।
- ♦ **অধ্যাপক ডা. মবিন খান (৩১ মে ১৯৪৯-৩১ অক্টোবর ২০২৪)** : দেশের স্বনামধন্য লিভার বিশেষজ্ঞ চিকিৎসক। তিনি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সাবেক কোষাধ্যক্ষ ও হেপাটোলজি বিভাগের প্রতিষ্ঠাতা। তাকে 'বাংলাদেশে হেপাটোলজির জনক' বলা হয়।




নভেম্বর ২০২৪) : মুক্তিযুদ্ধকালীন স্বাধীন বাংলা ফুটবল দল ও স্বাধীন বাংলাদেশের প্রথম জাতীয় ফুটবল দলের অধিনায়ক। তিনি নওগাঁ জেলায় জন্মগ্রহণ করেন। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় দেশের শীর্ষ ফুটবলাররা গঠন করেন 'স্বাধীন বাংলা ফুটবল দল'। দলটি ভারতের বিভিন্ন রাজ্যে ১৬টি ম্যাচে অংশ নেয়। পরে স্বাধীন বাংলাদেশের প্রথম জাতীয় ফুটবল দলকেও নেতৃত্ব দেন জাকারিয়া পিন্টু। তার অধিনায়কত্বে ১৯৭৩ সালে মালয়েশিয়ার মারদেকা কাপে অংশ নেয় বাংলাদেশ। ১৯৭৮ সালে পান জাতীয় ক্রীড়া পুরস্কার এবং ১৯৯৫ সালে ক্রীড়া বিভাগে স্বাধীনতা পুরস্কার অর্জন করেন।

পুরস্কার

বুকস পুরস্কার

১৯৬৯ সাল থেকে যুক্তরাজ্য থেকে প্রকাশিত মৌলিক ইংরেজি ভাষার উপন্যাসের জন্য প্রতি বছর বুকস পুরস্কার দেওয়া হয়। এ পুরস্কারের মূল্যমান ৫০,০০০ পাউন্ড। সংক্ষিপ্ত তালিকায় থাকা মনোনীত বাকি পাঁচ লেখককেও ২৫০০ পাউন্ড করে দেওয়া হয়। ২০২৪ সালের বুকস পুরস্কার লাভ করেন যুক্তরাজ্যের লেখক সামান্থা হার্ভে। অরবিটাল (Orbital) উপন্যাসের জন্য তাকে এ পুরস্কার দেওয়া হয়।



- ♦ উপন্যাসটিতে রয়েছে আন্তর্জাতিক মহাকাশক্ষেে কাটানো যুক্তরাজ্য, রাশিয়া, ইতালি, যুক্তরাজ্য এবং জাপানের ৬ মহাকাশচারীর জীবনের গল্প।
- ♦ ব্রিটিশ লেখক সামান্থা হার্ভে মূলত উপন্যাস এবং আত্মজীবনীমূলক লেখার জন্য পরিচিত। ডিমেনশিয়ায় আক্রান্ত একজন বৃদ্ধের জীবন ও স্মৃতির বিবরণ নিয়ে লেখা তার উপন্যাস 'The Wilderness' ব্রিটিশ উপন্যাসের মর্যাদাপূর্ণ ওয়েভারলি অ্যাওয়ার্ডের জন্য মনোনীত হয় এবং এর মাধ্যমে তার সাহিত্যজীবন প্রতিষ্ঠিত হয়।
- ♦ **Orbital** বইটি ১৩৬ পৃষ্ঠার। এটি বুকসপুরস্কার দ্বিতীয় সংক্ষিপ্ততম বই। বুকস পুরস্কারজয়ী সবচেয়ে সংক্ষিপ্ত বইটি হলো **Offshore** ১৩২ পৃষ্ঠার। এ উপন্যাসের জন্য ১৯৭৯ সালে বুকস পুরস্কার লাভ করেন পেনেলোপ ফিটজগারেভ (Penelope Fitzgerald)।
- ♦ **Orbital** মহাকাশ নিয়ে লেখা প্রথম কোনো বই, যেটি বুকস পুরস্কার লাভ করলো।

আরব ক্রিটিকস অ্যাওয়ার্ড

ইরানের কারাদণ্ড প্রাপ্ত পরিচালক মোহাম্মদ রসুলফের 'দ্য সিড অব দ্য স্যাফ্রেড ফিগ' সেরা ইউরোপীয় চলচ্চিত্র হিসেবে 'আরব ক্রিটিকস অ্যাওয়ার্ড' ২০২৪ লাভ করে। ১৫টি আরব দেশ থেকে নির্বাচিত বিচারকমণ্ডলী মোট ২২টি ইউরোপীয় চলচ্চিত্র থেকে রসুলফের সিনেমাটিকে নির্বাচন করে। 'দ্য সিড অব দ্য স্যাফ্রেড ফিগ', নিষিদ্ধ করা হয় ইরানে। ২০২৫ সালে জার্মানির হয়ে সিনেমাটি প্রতিনিধিত্ব করবে। দ্য আরব ক্রিটিকস' অ্যাওয়ার্ডের আসরে ইউরোপীয় চলচ্চিত্র বিভাগ চালু করা হয় ২০১৯ সালে।



গ্রিসের আইনসভার নাম হ্যালিনিক পার্লামেন্ট (Vouli ton Ellinon)

দিবস প্রতিপাদ্য : নভেম্বর

জাতীয়

- ১ : জাতীয় যুব দিবস। প্রতিপাদ্য—
দক্ষ যুব গড়বে দেশ, বৈষম্যহীন
বাংলাদেশ।
- ২ : জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও
মরণোত্তর চক্ষুদান দিবস।
প্রতিপাদ্য— এনো প্রাণের ছোঁয়ায়
গড়ি রক্তের বন্ধন, চোখের জ্যোতি
হয়ে উঠুক প্রাণের স্পন্দন।
- ৩ : জাতীয় সমবায় দিবস (নভেম্বর
মাসের প্রথম শনিবার)। প্রতিপাদ্য—
সমবয়ে গড়বে দেশ, বৈষম্যহীন
বাংলাদেশ।
- ৩ : জেলহত্যা দিবস।
- ১০ : শহীদ নূর হোসেন দিবস।
- ১৭ : জাতীয় মৃগী দিবস।
- ২১ : সশস্ত্র বাহিনী দিবস।
- ৩০ : জাতীয় আয়কর দিবস।

মাস

- ১-৩০ : আয়কর তথ্য সেবা মাস।
প্রতিপাদ্য— না দাঁড়িয়ে লাইনে,
রিটার্ন দিন অনলাইনে।

আন্তর্জাতিক

- ২ : সাংবাদিকদের বিরুদ্ধে অপরাধের
দায়মুক্তির অবসান ঘটাতে
আন্তর্জাতিক দিবস।
- ৩ : গ্লোবাল ওয়ান হেলথ ডে। প্রতিপাদ্য—
Connecting human, animal
and environmental health।
- ৫ : বিশ্ব সুনামি সচেতনতা দিবস।
- ৬ : যুদ্ধ এবং সশস্ত্র সংঘাতে পরিবেশের
ক্ষতি দূরীকরণের জন্য আন্তর্জাতিক দিবস।
- ৭ : রুশ বিপ্লব দিবস।
- ৮ : বিশ্ব নগর পরিকল্পনা দিবস।
প্রতিপাদ্য— সমগ্র দেশের পরিকল্পনা
করি, বৈষম্যহীন সুখময় বাংলাদেশ গড়ি।
- ৯ : বিশ্ব রেডিওগ্রাফি দিবস।
- ১০ : আন্তর্জাতিক হিসাববিজ্ঞান দিবস।
: শান্তি ও উন্নয়নের জন্য বিশ্ব
বিজ্ঞান দিবস।
- ১২ : বিশ্ব নিউমোনিয়া দিবস। প্রতিপাদ্য—
আসুন নিউমোনিয়া বন্ধ করার
লড়াইয়ে সক্রিয় সহযোগী হই।
- ১৪ : বিশ্ব ডায়াবেটিস দিবস। প্রতিপাদ্য—
ডায়াবেটিস : সুস্বাস্থ্যই হোক
আমাদের অঙ্গীকার।

- ১৬ : আন্তর্জাতিক সহনশীলতা দিবস।
- ১৭ : বিশ্ব অপরিণত নবজাতক দিবস।
: আন্তর্জাতিক শিক্ষার্থী দিবস।
: World Day of Remembrance
for Road Traffic Victims
(নভেম্বর মাসের তৃতীয় রবিবার)।
- ১৮ : বিশ্ব শিশু যৌন নিপীড়ন প্রতিরোধ দিবস।
- ১৯ : বিশ্ব শৌচাগার দিবস।
: আন্তর্জাতিক নারী উদ্যোক্তা দিবস।
- ২০ : বিশ্ব শিশু দিবস। প্রতিপাদ্য—
Listen to the future।
: বিশ্ব সিওপিডি দিবস (নভেম্বর
মাসের তৃতীয় বুধবার)।
: বিশ্ব পাইলস দিবস।
: আফ্রিকা শিল্পায়ন দিবস।
- ২১ : বিশ্ব দর্শন দিবস। (নভেম্বর
মাসের তৃতীয় বৃহস্পতিবার)
: বিশ্ব টেলিভিশন দিবস।
- ২৫ : আন্তর্জাতিক নারী নির্যাতন
প্রতিরোধ দিবস।
- ২৯ : ফিলিস্তিনি জনগণের সঙ্গে একাত্মতা দিবস।
- ৩০ : Day of Remembrance for all
Victims of Chemical Warfare।

সপ্তাহ

- ৯-১৫ : বিজ্ঞান ও শান্তির আন্তর্জাতিক সপ্তাহ।
- ১৮-২৪ : বিশ্ব এক্টিবায়োটিক জনসচেতনতা সপ্তাহ।
- ১৯-২৫ : বুক জ্বালাপোড়া সচেতনতা সপ্তাহ।

সম্মেলন-বৈঠক

- ইন্টারপোলের সাধারণ অধিবেশন
আয়োজন : ৯২তম | সময়কাল : ৪-
৭ নভেম্বর ২০২৪ | স্থান : গ্রাসগো,
যুক্তরাজ্য।
- আরব ও ইসলামী সম্মেলন
সময়কাল : ১১ নভেম্বর ২০২৪ | স্থান :
রিয়াদ, সৌদি আরব।
- বিশ্ব স্বাস্থ্য শীর্ষ সম্মেলন
সময়কাল : ১৩-১৫ অক্টোবর ২০২৪
| স্থান : বার্লিন, জার্মানি | আয়োজক :
জার্মানি, ফ্রান্স ও নরওয়ে। ২০০৯
সাল থেকে প্রতিবছর বার্লিনে বসছে
স্বাস্থ্য খাতের শীর্ষ সম্মেলন।
- Union World Conference
on Lung Health
সময়কাল : ১২-১৬ নভেম্বর ২০২৪
| স্থান : বালি, ইন্দোনেশিয়া।
- APEC সম্মেলন
সময়কাল : ১৩-১৫ নভেম্বর ২০২৪
| শীর্ষ নেতাদের বৈঠক : ১৫-১৬
নভেম্বর ২০২৪ | স্থান : পেরু
- G20 শীর্ষ সম্মেলন
আয়োজন : ১৯তম | সময়কাল :
১৮-১৯ নভেম্বর ২০২৪ | স্থান : রিও
ডি জেনিরো, ব্রাজিল।

বাংলাদেশ প্রাইজবন্ডের ১১৭তম ড্র

৩১ অক্টোবর ২০২৪

- প্রথম পুরস্কার টা. ৬,০০,০০০ নং ০৮০৬৯৬৪
- দ্বিতীয় পুরস্কার টা. ৩,২৫,০০০ নং ০১৪৪৩৭০
- তৃতীয় পুরস্কার প্রতিটি ১,০০,০০০ টাকার; মোট ২টি।
নং ০৩০৭৯৭৩, নং ০৯২২৪৩২
- চতুর্থ পুরস্কার প্রতিটি ৫০,০০০ টাকার; মোট ২টি।
নং ০৫৭৮৩৬৬, নং ০৯৮৯৬৭৬
- পঞ্চম পুরস্কার প্রতিটি ১০,০০০ টাকার; মোট ৪০টি।

০০৩১১১৫	০১৯৯০৮৫	০৩৩৪২৮২	০৫৪৪১১৫	০৭৯০৪৩১
০০৪১৬৯২	০২১২১৭৬	০৩৩৫৩৪৯	০৫৫৯৭১৩	০৭৯৬০৯০
০০৪২৮৩৬	০২২৯৪৭৬	০৩৫৪২৭৭	০৫৮০৩৫০	০৮৫১২৪২
০১৫১৩৮৫	০২২২২১০	০৩৫৫৯২২	০৫৮১৬৩৪	০৮৭৬৯৪৬
০১৫২১৫০	০২৩৯০৪৩	০৩৭২৯০৫	০৬১৩১৪৯	০৮৮৫৬২৮
০১৫৪৮৭৩	০২৭৯৫৩২	০৩৭৬৭৯৪	০৬৮৮৮৩৮	০৮৯৭৭৯৩
০১৫৬৮৩২	০২৯৬৭০৪	০৪৬৩৬৩৪	০৭৩৮৩৪১	০৯৮৭১১৯
০১৮৪৪৯৯	০৩০৫০৮২	০৪৮৫৫৯৫	০৭৪৯৯৩৬	০৯৯৭২০৬

বি. প্র. প্রাইজবন্ডের পুরস্কারের দাবি 'ড্র' এর তারিখ হতে পরবর্তী দুই বছরের মধ্যে গ্রহণযোগ্য।

তুর্কি সাম্রাজ্য থেকে বিচ্ছিন্ন হয়ে গ্রিস স্বাধীনতা লাভ করে ২৫ মার্চ ১৮২১

চাকরির বয়সসীমা ৩২ : অধ্যাদেশ জারি

১৮ নভেম্বর ২০২৪ সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সর্বাধিক সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যান্সিয়াল কর্পোরেশনসহ স্ব-শাসিত সংস্থাসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা নির্ধারণ অধ্যাদেশ, ২০২৪ জারি করা হয়। অধ্যাদেশের মাধ্যমে সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর করা হয়। বর্তমানে সংসদ না থাকায় সর্বাধিক ৯৩(১) অনুচ্ছেদে দেওয়া ক্ষমতাবলে রাষ্ট্রপতি এ অধ্যাদেশ জারি করেন। অধ্যাদেশের উল্লেখযোগ্য বিষয়গুলো হলো—

সরাসরি নিয়োগের বয়সসীমা
অপাতত বলবৎ অন্য কোনো আইন, রাষ্ট্রপতির আদেশ, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা, সর্বাধিক, আদেশ, নির্দেশ বা আইনগত দলিলে যাহা কিছুই থাকুক না কেন—

ক. বাংলাদেশ সিভিল সার্ভিসের সকল ক্যাডারের চাকরিতে প্রবেশের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা হবে ৩২ বছর।

খ. বাংলাদেশ সিভিল সার্ভিস এর আওতাভূক্ত সকল সরকারি চাকরিতে প্রবেশের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা হবে ৩২ বছর।

গ. স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সর্বাধিক সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যান্সিয়াল কর্পোরেশনসহ স্ব-শাসিত সংস্থাসমূহের চাকরির যে সকল পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর বা অনূর্ধ্ব ৩২ বছর উল্লেখ রয়েছে, সর্বমুখ্য উক্ত বয়সসীমা ৩২ বছর প্রতিস্থাপিত হবে।

ঘ. প্রতিরক্ষা কর্মবিভাগসমূহ এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর চাকরিতে নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান স্ব স্ব নিয়োগ বিধিমালা বা, ক্ষেত্রে, প্রবিধানমালা বহাল থাকবে।

ঙ. অসুবিধা দূরীকরণ এই অধ্যাদেশ কার্যকর করার ক্ষেত্রে কোনো অস্পষ্টতা বা অসুবিধা দেখা দিলে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই অধ্যাদেশের বিধানের সহিত সংশ্লিষ্ট হওয়া সাপেক্ষে, উক্ত অস্পষ্টতা বা অসুবিধা দূর করতে পারবে।

তিন বিসিএস নিয়ে নতুন সিদ্ধান্ত

১৮ নভেম্বর ২০২৪ বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সভায় (BPSC) ৪৪, ৪৫ ও ৪৬তম বিসিএস পরীক্ষাগুলো বহুতা, ন্যায্যতা ও নিরপেক্ষতা বজায় রাখার স্বার্থে নতুন কিছু সিদ্ধান্ত নেয়। এগুলো হলো—

৪৪তম বিসিএসের মৌখিক পরীক্ষা (ভাইভা) বাতিল করে সব প্রার্থীর নতুন করে ভাইভা নেওয়া হবে। এ বিসিএসের লিখিত পরীক্ষার উত্তীর্ণ ১১,৭৩২ প্রার্থীর মধ্যে ৩,৯৩০ প্রার্থীর মৌখিক পরীক্ষা নেওয়া হয়। ৮ মে ২০২৪ মৌখিক পরীক্ষা শুরু হলেও ২৫ আগস্ট ২০২৪ মৌখিক পরীক্ষা স্থগিত করা হয়।	৪৫তম বিসিএস লিখিত পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে বহুতা ও ন্যায্যতা বজায় রাখার স্বার্থে সকল উত্তরপত্র তৃতীয় পরীক্ষককে দেওয়া হবে।	৪৬তম বিসিএসের প্রিলিমিনারি ফ্রল পুনরায় দেওয়া হবে। এ বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষায় ১০,৬৩৮ প্রার্থীকে লিখিত পরীক্ষার জন্য নির্বাচিত করা হয়। এ ক্ষেত্রে সম্ভাব্য বৈষম্য দূরীকরণের লক্ষ্যে নির্বাচিত প্রার্থীদের সঙ্গে আরও সমসংখ্যক প্রার্থী লিখিত পরীক্ষার জন্য যোগ্য বিবেচনা করে পুনরায় ফলাফল ঘোষণা করা হবে।
---	---	--

বিসিএস	বিভক্ত প্রকাশ	মোট অংশগ্রহণ	উত্তীর্ণ		শূন্যপদ
			প্রিলিমিনারি	লিখিত	
৪৪তম	৩০ নভেম্বর ২০২১	২,৭৬,৭৬০	২৭ মে ২০২২	১৫,৭০৮	১১,৭৩২
৪৫তম	৩০ নভেম্বর ২০২২	২,৬৮,১১৯	১৯ মে ২০২৩	১২,৭৮৯	-
৪৬তম	৩০ নভেম্বর ২০২৩	২,৫৪,৫৬১	২৬ এপ্রিল ২০২৪	১০,৬৩৮	-

রাজতন্ত্রের অবসানে খ্রিস্ট প্রজাতন্ত্রে পরিণত হয় ১৯৭৪ সালে

নতুন নির্বাচন কমিশন

৩২ অক্টোবর ২০২৪ প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য নির্বাচন কমিশনার গঠনের লক্ষ্যে আপিল বিভাগের বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীকে সভাপতি করে ছয় সদস্যের অস্থায়ী কমিটি গঠন করা হয়। ২০ নভেম্বর ২০২৪ অনুসন্ধান কমিটি রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে ১০ জনের নামের তালিকা পেশ করে। এরপর তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৮(১) অনুচ্ছেদে দেওয়া ক্ষমতাবলে ২১ নভেম্বর ২০২৪ পাঁচ সদস্যবিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করেন। ২৪ নভেম্বর ২০২৪ তারা শপথ গ্রহণ করেন। এ কমিশনের অধীনে দেশের ত্রয়োদশ সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে।

• প্রধান নির্বাচন কমিশনার : এ এম এম নাসির উদ্দীন (সাবেক সচিব)।

• ৪ নির্বাচন কমিশনার : আনোয়ারুল ইসলাম সরকার (সাবেক অতিরিক্ত সচিব), আবদুর রহমান মাসুদ (সাবেক জেলা ও দায়রা জজ), তহমিনা আহমদ (সাবেক ফুট সচিব) ও আবুল ফজল মো. সানাউল্লাহ (অবসরপ্রাপ্ত প্রিন্সিপ্যাল জেনারেল)।



দেশের ১৪তম প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দীন। তার নিজ জেলা কক্সবাজার।

বাংলাদেশের তৃতীয় নারী নির্বাচন কমিশনার কোম তহমিনা আহমদ। দেশের প্রথম নারী নির্বাচন কমিশনার কবিতা খানম আর দ্বিতীয় নারী নির্বাচন কমিশনার রাশেদা সুলতানা।



চতুর্থ অর্থনৈতিক স্তম্ভ

১০-২৬ ডিসেম্বর ২০২৪ দেশে চতুর্থ অর্থনৈতিক স্তম্ভ পরিচালিত হবে। স্মারিতে ৬৫টি প্রশ্ন উঠে আসবে এবং ৯৫,০০০ তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহ করবেন। এবারই প্রথম ট্যাবের মাধ্যমে 'ক্যাপি' পদ্ধতিতে স্তম্ভের তথ্য সংগ্রহ করা হবে। এবারের স্তম্ভের মতো দেশে কতজন বিদেশি কর্মী নিয়োজিত, তারা কোন ধরনের প্রতিষ্ঠানে কোন ধরনের পদে কর্মরত রয়েছেন এবং নারী-পুরুষ কতজন সেসব তথ্য তুলে আনা হবে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) দেশের অর্থনৈতিক অবস্থা সম্পর্কে জানতে প্রতি ১০ বছর পর এ ধরনের স্তম্ভ পরিচালিত করে। ২৭-২৯ ডিসেম্বর ১৯৮৬ দেশে প্রথমবারের মতো অর্থনৈতিক স্তম্ভ পরিচালিত হয়। তখন-এর শিরোনাম ছিল Census on Non-Farm Economic Activities and Disabled Persons। দ্বিতীয়বার দুই ধাপে অর্থনৈতিক স্তম্ভ পরিচালনা করা হয়। শহরাঞ্চলে ২৭-৩১ মে ২০০১ এবং গ্রামাঞ্চলে ২০-২৬ এপ্রিল ২০০৩। দ্বিতীয়বারের স্তম্ভের সফল ধরনের অকৃষি অর্থনৈতিক কর্মকাণ্ড অন্তর্ভুক্ত করা হয়। তৃতীয় অর্থনৈতিক স্তম্ভ পরিচালিত হয় ৩১ মার্চ-৩১ মে ২০১৩।



গণ-অভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল

১৭ অক্টোবর ২০১৪ উপদেষ্টা পরিষদের সিদ্ধান্তে স্বাস্থ্যসেবা বিভাগের আওতায় ২০১৪ সালের জুলাই-আগস্টে চার-জনতার অভ্যুত্থানের ঐতিহাসিক সংরক্ষণ এবং শহীদ ও আহতদের পূর্ণাঙ্গ তালিকা চূড়ান্ত করতে 'গণ-অভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' গঠন করা হয়। ১৮ অক্টোবর ২০২৪ স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের অধীনে সেলটি গঠন করে অফিস আদেশ জারি করে মন্ত্রিপরিষদ বিভাগ। ১০ সদস্যের এ সেলের প্রধান অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পূর্বায়ের একজন কর্মকর্তা। সেলে উপসচিব/জ্যেষ্ঠ সহকারী সচিব পূর্বায়ের চারজন কর্মকর্তা, চিকিৎসক ও বিশেষজ্ঞ প্রতিনিধি দুজন, ছাত্র প্রতিনিধি এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের পিআইটির একজন প্রতিনিধি সদস্য হিসেবে থাকবেন। বিশেষ সেল শহীদদের তালিকা চূড়ান্ত করতে সম্ভাব্য সকল উৎস থেকে নতুন তথ্যাদি সংগ্রহ করার উদ্যোগী ভূমিকা পালন করবে এবং প্রয়োজনে তথ্য সংগ্রহের জন্য দেশের বিভিন্ন স্থানে সরেজমিন তথ্যানুসন্ধান যাবে ও স্থানীয় সংশ্লিষ্টদের সহায়তা গ্রহণ করবে। জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানে আহতদের হাসপাতালে সূচিক্রিপ্সো পতে এবং শহীদ ও আহতদের পরিবারকে প্রয়োজনীয় সহায়তা দেওয়া ছাড়াও গুরুতর আহতদের প্রয়োজনে বিদেশে চিকিৎসার বিষয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়কে উদ্যোগ নিতে সহায়তা করবে এ সেল।

নতুন নামে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

২৭ অক্টোবর ২০২৪ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন দুটি দপ্তর/সংস্থা যথাক্রমে 'মহিলাবিষয়ক অধিদপ্তর' ও 'জাতীয় মহিলা সংস্থা'র নামে 'মহিলা' শব্দের পরিবর্তে 'নারী' শব্দ ব্যবহারের সিদ্ধান্ত নেওয়া হয়। এর কারণ হিসেবে বলা হয় আন্তর্জাতিক নারী দিবস, জাতীয় নারী উন্নয়ন নীতি ২০১১, নারীবিষয়ক অন্যান্য আইন, বিধিমালা ও নীতিমালায় এবং দেশে-বিদেশে সামাজিক ও প্রাতিষ্ঠানিক সব ক্ষেত্রে নারী শব্দটি ব্যবহৃত হয়। এছাড়া সংবিধানের ১৯, ২৭, ২৮ এবং ২৯নং অনুচ্ছেদে নারীর রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক ক্ষেত্রসহ অন্যান্য সকল ক্ষেত্রে নারীর সমঅধিকার, সমসংযোগ এবং ক্ষমতায়নের বিষয়গুলো সন্নিবেশিত। ১৯৮৪ সালে সমাজ কল্যাণ ও মহিলাবিষয়ক মন্ত্রণালয় গঠন করা হয়। ৯ নভেম্বর ১৯৮৯ মহিলাবিষয়ক মন্ত্রণালয় নামকরণ করা হয়। ২৮ আগস্ট ১৯৯০ মহিলা বিষয়ক পরিদপ্তরকে মহিলা বিষয়ক অধিদপ্তরে উন্নীত করা হয়। ৫ মে ১৯৯৪ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় নামকরণ করা হয়।



স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দুই বিভাগ একীভূত

৩ নভেম্বর ২০২৪ প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দুই বিভাগকে এক করার বিষয়ে অনুমোদন দেন। কাজের ব্যাপকতা, অধিকতর সমন্বয়, গতিশীলতা আনয়ন ও গুরুত্ব বিবেচনা করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের 'জননিরাপত্তা বিভাগ' ও 'সুরক্ষা সেবা বিভাগ' একীভূত করা হবে। বর্তমানে জননিরাপত্তা বিভাগের অধীনে ৬টি এবং সুরক্ষা সেবা বিভাগের অধীনে ৪টি সংস্থা রয়েছে। একীভূত হওয়ার পর এ মন্ত্রণালয়ের অধীন চলে আসবে ১০টি সংস্থা। উল্লেখ্য, এর আগে ১৯ জানুয়ারি ২০১৭ স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে পুনর্গঠন করে দুটি বিভাগ গঠন করা হয়।

বিশ্বমঞ্চে বাংলাদেশ

APPG'র চেয়ারম্যান

ব্রিটেনে অল পার্টি পার্লামেন্টারি গ্রুপের (APPG) চেয়ারম্যান নির্বাচিত হন পূর্ব লন্ডনের পপলার জ্যাক লাইমহাউজ আসনের MP আপসানা কোম। ২০২৪ সালের অক্টোবরে আপসানার কার্যালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। তিনি একজন বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটিশ নাগরিক। এর আগে ২০১৯ সালে লেবার পার্টির মনোনয়নে প্রথম পার্লামেন্ট সদস্য নির্বাচিত হন আপসানা। তার আদি বাড়ি সুনামগঞ্জের জগন্নাথপুরে।



ICSC'র সদস্য

৮ নভেম্বর ২০২৪ জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মুহাম্মদ আবদুল মহিত আন্তর্জাতিক সিডিসি সার্ভিস কমিশনের (ICSC) সদস্য নির্বাচিত হন। এশিয়া-প্যাসিফিক অঞ্চলের দুটি শূন্য আসনের জন্য বাংলাদেশ, চীন ও দক্ষিণ কোরিয়ার তিনজন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। বাংলাদেশ ও চীনের প্রার্থীরা নির্বাচনে বিজয়ী হন। বাংলাদেশ ২০২৫ - ২০২৮ সাল পর্যন্ত চার বছরের জন্য ICSC'র সদস্য হিসেবে দায়িত্ব পালন করবে। ICSC জাতিসংঘের সাধারণ পরিষদের প্রতিষ্ঠিত একটি স্বাধীন বিশেষজ্ঞ সংস্থা, যা ১৫ সদস্যের সমন্বয়ে গঠিত। এটি জাতিসংঘের মানবসম্পদ ব্যবস্থাপনা, ক্ষতিপূরণ ও এনটাইটেলমেন্ট-সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ ও সুপারিশ করার জন্য প্রধান সংস্থা।

মার্কিন নির্বাচনে বাংলাদেশ

■ ব্যালট পেপারে বাংলা

৫ নভেম্বর ২০২৪ মার্কিন যুক্তরাষ্ট্রের নির্বাচনে নিউইয়র্ক অঙ্গরাজ্যের ব্যালট পেপারে ইংরেজির পাশাপাশি বাংলা ভাষার ব্যালট পেপারে রাখা হয়। অভিবাসী ভোটারদের সুবিধার জন্য ব্যালট পেপারে ইংরেজির পাশাপাশি ৪টি ভাষা অন্তর্ভুক্ত সিদ্ধান্ত নেয় বোর্ড অব ইলেকশনস নিউইয়র্ক শাখা। এ ভাষাগুলো হলো— চীনা, স্প্যানিশ, কোরিয়ান ও বাংলা। ২০২০ সালের পরিসংখ্যান অনুযায়ী, যুক্তরাষ্ট্রের এ প্রদেশে এক লক্ষেরও বেশি বাংলাদেশি মানুষ বসবাস করেন। নিউইয়র্কে বাঙালিদের বসবাস মূলত ব্রুকলিন, হুইসন এবং ব্রুক্সেস। ব্রুকলিনের কেনসিংটন এলাকার একাংশে স্থানীয়রা 'ছোট বাংলাদেশ' বলে ডেকে থাকেন। যুক্তরাষ্ট্রে যত বাঙালি বসবাস করেন, তাদের ৪০%-এর বসবাস নিউইয়র্কে। ২০১৩ সালে প্রথমবারের মতো নিউইয়র্কের কুইন্স এলাকায় বাংলায় অনুবাদ করা ব্যালটের ব্যবহার করা হয়।



খ্রিস্টাব্দে গণতন্ত্রের সূতিকাগার বলা হয়

তিন পর্বত আরোহণের রেকর্ড তৌকিরের

৪-৩০ অক্টোবর ২০২৪ প্রথম বাংলাদেশি হিসেবে নেপালের ৩১ ছয় হাজার মিটারের পর্বত চূড়া স্পর্শ করেন পাবনার আহসানুজ্জামিন তৌকির। কোনো শেরপা সাপোর্ট ছাড়াই সেখানে আরোহণ করেন তিনি। তৌকিরের অভিযানের নাম ছিল TREE PEAK IN A ROW। এ অভিযানে পৃষ্ঠশোধকতায় ছিল রোপ ফোর আউটডোর অ্যাডুকেশন। তৌকির ১৩ অক্টোবর ২০২৪ পর্বতের ৬,১১৯ মিটারের লরুচে পিক, ১৮ অক্টোবর ৬১৬৫ মিটারের আইল্যান্ড পিক এবং ৩০ অক্টোবর ৬,৪৬১ মিটারের মেরা পিক এর শিবির স্পর্শ করে প্রথমবারের মতো ইতিহাস গড়ে। একই সাথে এ তিনি পর্বতের চূড়া আগে বাংলাদেশের কেউ স্পর্শ করেনি।

সার্ক ফাইন্যান্সের চেয়ারপারসন

সার্ক ফাইন্যান্স নেটওয়ার্কের চেয়ারপারসনের দায়িত্ব নেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর। ২৪ অক্টোবর ২০২৪ যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে ৪৬তম সার্ক ফাইন্যান্স গভর্নর গ্রুপের সভা অনুষ্ঠিত হয়। সভায় আগামী এক বছরের জন্য বাংলাদেশ ব্যাংক আনুষ্ঠানিকভাবে সার্ক ফাইন্যান্স নেটওয়ার্কের চেয়ার কাফি হিসেবে দায়িত্ব গ্রহণ করে। এর আগে এর চেয়ারপারসন ছিলেন সেন্ট্রাল ব্যাংক অব শ্রীলঙ্কার গভর্নর।

কোরআন প্রতিযোগিতায় প্রথম

■ তুরস্কে অনুষ্ঠিত ৯ম আন্তর্জাতিক হিফজুল কোরআন প্রতিযোগিতায় তিনি এ তত্ত্ব দেন। এরপর ২০১৭ সালে প্রথম স্থান অর্জন করেন বাংলাদেশের হাফেজ মুয়াজ্জ মাহমুদ। ৩০প্রকাশিত A World of Three Zeros অক্টোবর ২০২৪ তুরস্কে প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ানের নামক গ্রন্থে তিনি পৃথিবীর তিনটি বড় হাত থেকে মুয়াজ্জ মাহমুদ সম্মাননা ফ্রেস্ট ও পুরস্কার গ্রহণ করেন। অ্যালেক্সের সমাধানের জন্য একটি নতুন ■ ১৯ নভেম্বর ২০২৪ কুয়েতে অনুষ্ঠিত ১৩তম আন্তর্জাতিক দুটিভিসি তুলে ধরেন। হিফজুল কোরআন প্রতিযোগিতার (শিশু হাফেজদের গ্রুপ) ফলাফল ঘোষণা করা হয়। প্রথম স্থান অর্জন করেন বাংলাদেশের হাফেজ আনাস মাহফুজ। এছাড়াও কোরাত গ্রুপে তৃতীয় স্থান অর্জন করেন ফুরী আবু জর গিফারী।

নির্বাচনে জয়ী বাংলাদেশি

যুক্তরাষ্ট্রের নির্বাচনে দেশটির বিভিন্ন অঙ্গরাজ্য থেকে পাঁচ বাংলাদেশি মাধ্যমে দরিদ্রদের অর্থনৈতিক মুক্তির পথ উন্মোচিত হবে, নির্বাচিত হন। বিজয়ী বাংলাদেশিরা যেকোনো লাভের চেয়ে সমাজের কল্যাণ বেশি প্রাধান্য পাবে। ■ শূন্য বেকারত্ব: শূন্য বেকারত্ব আলোচনায় তিনি উল্লেখ করেন— উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কর্মসংস্থান করা সম্ভব। যদি মানুষকে উদ্যোক্তা হওয়ার সুযোগ ও প্রয়োজনীয় অর্থায়ন দেওয়া যায়, তবে তারা নিজের পায়ে দাঁড়িয়ে একটি স্বাবলম্বী জীবিকা গড়ে তুলতে পারবে। ■ শূন্য নিট কার্বন নির্গমন: শূন্য নিট কার্বন নির্গমন বিষয়ে তিনি পরিবেশবান্ধব উন্নয়নের দুটিভিসির কথা বলেন। তিনি জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় সবুজ প্রযুক্তির ব্যবহার এবং পরিবেশবান্ধব অর্থনৈতিক উন্নয়নের প্রয়োজনীয়তার ওপর জোর দেন।



তিন শূন্য গড়বে নতুন বিশ্ব

শ্রী জিরো তত্ত্ব 'শ্রী জিরো' বা 'তিন শূন্য' তত্ত্ব একটি সামাজিক ও অর্থনৈতিক দুঃস্থিতি যা জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা করে নতুন বিশ্ব গড়তে সাহায্য করবে। এই তত্ত্বের মাধ্যমে ড. ইউনুস একটি সমতাভিত্তিক ও স্থিতিশীল পৃথিবীর ধারণা তুলে ধরেছেন, যেখানে অর্থনৈতিক উন্নয়ন এবং পরিবেশগত সুরক্ষা একসঙ্গে চলবে। তত্ত্বটি তিনটি গুরুত্বপূর্ণ লক্ষ্য অর্জনের ওপর ভিত্তি করে গড়ে উঠেছে। সেগুলো হলো— ১. শূন্য দারিদ্র্য (Zero Poverty), ২. শূন্য বেকারত্ব (Zero Unemployment) এবং ৩. শূন্য নিট কার্বন নির্গমন (Zero Net Carbon Emissions)। ২৮ মে ২০১৫ রঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সামাজিক ব্যবসা দিবস উদযাপনকালে প্রধান বক্তার বক্তৃতায়

১৭ সেপ্টেম্বর ২০১৪ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ পরিষদের ৭১৮তম অধিবেশনের ভাষণে শান্তিতে নোবেল জয়ী ড. মুহাম্মদ ইউনুস 'শ্রী জিরো' নিয়ে কথা বলেন। এরপর ১৩ নভেম্বর ২০২৪ জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা করে নতুন বিশ্ব গড়তে জাতিসংঘের জলবায়ু সম্মেলনে (কপ ২৯) 'শ্রী জিরো' তত্ত্ব তুলে ধরেন তিনি।

শ্রী জিরো'র ৪ মহাশক্তি

শ্রী জিরো পরিকল্পনা অর্জনের জন্য চারটি জিনিসের প্রয়োজন। এগুলো হলো— সরকারের শক্তি এবং সৃজনশীলতাকে কাজে লাগানো • প্রযুক্তির শক্তি ব্যবহার • ব্যবসাকে সামাজিক ব্যবসায় রূপান্তর • সুশাসন নিশ্চিত করা।

টেকসই উন্নয়নে শ্রী জিরো

জাতিসংঘের সাধারণ পরিষদ বিশ্বজুড়ে উন্নয়নের লক্ষ্যে গ্রহণ করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG)। ড. মুহাম্মদ ইউনুসের 'শ্রী-জিরো' SDG অর্জনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। বাংলাদেশ ২০৩০ সালের মধ্যে SDG অর্জনে বন্ধপরিকর। ড. মুহাম্মদ ইউনুসের 'শ্রী জিরো' তত্ত্বের ধারণা বাংলাদেশ তরুণদের ক্ষমতায়ন, প্রযুক্তির ব্যবহার, সুশাসন প্রতিষ্ঠা এবং সামাজিক ব্যবসার মাধ্যমে কৃষি খাতে একটি নতুন বিপ্লব ঘটানোর সম্ভাবনা রাখে। টেকসই উন্নয়নের সব সূচকে অসীম অর্জনের ক্ষেত্রে 'শ্রী জিরো' অনুঘটন হিসেবে কাজ করবে।

বিশ্ব মঞ্চে শ্রী জিরো

প্যারিসে ২০২৪ সালের অলিম্পিকের মূল বার্তা ছিল নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুসের 'শ্রী জিরো'। গ্রীষ্মকালীন অলিম্পিক গেমস আয়োজনে এ তিন বিষয়কে মূল ভূমিকায় রেখে সব পরিকল্পনা করা হয়। যেমন— এবারের অলিম্পিকের জন্য বেছে নেওয়া হয় প্যারিস শহরের অন্যতম অনুন্নত অঞ্চল সেইন্ট ডেনিসে। কার্বন দূষণ কমাতে সেখানে রাখা হয়নি শীতাতপ নিয়ন্ত্রণের বাড়তি ব্যবস্থা। ইন্সটেরিয়র ডিজাইন এমনভাবে করা হয় যাতে বাইরের তাপমাত্রা থেকে ভেতরের তাপমাত্রা অন্তত ছয় ডিগ্রি কম থাকে। প্রতি স্কয়ার মিটারে ৩০% কম দূষণ হয়। কার্বন মেশানো কংক্রিটের বদলে কাঠ ব্যবহারের প্রবণতা দেখা যায়। ■ পোপ ফ্রান্সিস-ইউনুস 'শ্রী জিরো' ক্লাব: ড. মুহাম্মদ ইউনুসের সঙ্গে যৌথভাবে ইতালির রোমে 'পোপ ফ্রান্সিস-ইউনুস 'শ্রী জিরো' ক্লাব' চালু করে খ্রিষ্টান ধর্মতত্ত্ব পোপ ফ্রান্সিস। মানবতার জন্য একটি রূপান্তরমূলক এবং অন্তর্ভুক্তিমূলক ভবিষ্যতের সূচনা করার প্রয়াসেই এ উদ্যোগ নেওয়া হয়। বিশ্বজুড়ে অন্তত ৪,৬০০টি 'শ্রী জিরো' ক্লাব রয়েছে, যার সবগুলোই প্রফেসর ইউনুসের নতুন সভ্যতার স্বপ্নে অনুপ্রাণিত।



খ্রিস্টের পূর্বনাম ছিল হেলাস



জেলার মুখ্য আমলা জেলা প্রশাসক

জেলা পর্যায়ের প্রধান প্রশাসনিক ও রাজস্ব কর্মকর্তা জেলা প্রশাসক (TC)। তিনি একটি জেলার প্রধান নির্বাহী। জেলার প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে কেন্দ্রের পক্ষ থেকে তিনি জেলার সকল দপ্তরের সাথে সমন্বয় করেন। জেলার আইন শৃঙ্খলা পরিহিতিকার সকল উন্নয়ন ও প্রশাসনিক কর্মকাণ্ডের দৈনিক পরিচালনা দায়িত্ব ও ভার গণ্য করেন। একজন জেলা প্রশাসক একাধারে জেলা ম্যাজিস্ট্রেট, জেলা রেভিনিউ কালেক্টর এবং বিভাগীয় কমিশনারের তেজুটি হিসেবে কাজ করে থাকেন। তাকে জেলার পুলিশ সুপার, অতিরিক্ত জেলা প্রশাসকেরা (ADC) সাহায্য করে থাকেন। পদাধিকার বলে একজন জেলা প্রশাসক জেলার বিভিন্ন দপ্তর সম্পর্কিত ১২০টি কমিটির সভাপতি।

যেভাবে সৃষ্টি

জেলা প্রশাসক পদটির উদ্ভব হয় ব্রিটিশ শাসনের শুরু দিকে জেলা কালেক্টর ব্যবস্থা থেকে। ১৭৬৯ সালে সীমিত ক্ষমতাসহ প্রথমে জেলায় একজন সুপারভাইজার নিযুক্ত হন। ১৪ মে ১৭৭২ জারেন হেস্টিংস কর্তৃক ব্রিটিশ শাসিত ভারতে প্রথম জেলা কালেক্টরের পদ সৃষ্টি করা হয়। ২৭ জুন ১৭৮৭ এক প্রবিধানের মাধ্যমে কালেক্টরের উপর বিচারক ও ম্যাজিস্ট্রেটের ক্ষমতা ন্যস্ত

নারী জেলা প্রশাসক

২০ মার্চ ২০০১ বাংলাদেশে প্রথম চারজন নারী জেলা প্রশাসক নিয়োগ দেওয়া হয়। তারা হলেন— রাজিয়া বেগম (রাজবাড়ী), মমতাজ আহমেদ (মেহেরপুর), কামরুননেসা খানম (মুন্সীগঞ্জ) ও মুশফেকা ইকফাং (শরীয়তপুর) এবং পরে বিভিন্ন জেলায় আরও নারী ডিসি নিয়োগ দেওয়া হয়। সর্বশেষ ২০২৪ রাজশাহীর প্রথম নারী। ১২৭তম জেলা প্রশাসক হিসেবে অফিয়া আখতার এবং জয়পুরহাট জেলার প্রথম নারী ও ৩১৩তম জেলা প্রশাসক হিসেবে অফরোজা আক্তার চৌধুরী যোগদান করেন। জেলাওয়ারি প্রথম নারী জেলা প্রশাসক—

জেলা	নাম	জেলা	নাম	জেলা	নাম
চাঁদপুর	অঞ্জনা খান মজলিশ	কুষ্টিয়া	রাশিদা বেগম	ফরিদপুর	উম্মে সালমা তানজি
চট্টগ্রাম	ফরিদা খানম	মাগুরা	ভিকারুন নেছা	কিশোরগঞ্জ	ফৌজিয়া খান
ফেনী	মুহাম্মদ শাহিনা আক্তার	কিনাইনহ	রমা রানী রায়	ঢাকা	ফারজানা জামান
বান্দরবান	ইয়াছমিন পারভীন	কালকাঠি	ফারাহুল গুল নিখুম	ঠাকুরগাঁও	ইশরাত জাহান
লাক্ষ্মীপুর	হেমায়া বেগম	মৌলভীবাজার	নাজিয়া শিরিন	রংপুর	ড. চিন্নিমা নাহার
জয়পুরহাট	অফরোজা আক্তার চৌধুরী	হবিগঞ্জ	সাবিনা আলম	নীলফামারী	নাজিয়া শিরিন
কক্সবাজার	হোসনা অফরোজা	গাজীপুর	নাফিসা আরেফীন	কুড়িগ্রাম	সুলতানা পারভীন
পাবনা	রেখা রানী বালো	মানিকগঞ্জ	রোকসানা ফেরদৌসী	পঞ্চগড়	ড. সাবিনা ইয়াসমিন
সিরাজগঞ্জ	কামরুন নাহার সিদ্দীকা	গোপালগঞ্জ	শাহিদা সুলতানা	জামালপুর	মুর্শেদা জামান
রাজশাহী	অফিয়া আখতার	মাদারীপুর	ড. রহিমা খাতুন	নেত্রকোণা	অঞ্জনা খান মজলিশ
নাটোর	শাহিদা খাতুন	নরসিংদী	সৈয়দা ফারহান কাউনাইন	শেরপুর	মোহেছনা ফেরদৌসী
নওগাঁ	ড. মোহাম্মদ নূরুজ্জামান	মুন্সীগঞ্জ	কামরুননেসা খানম		
মেহেরপুর	বেগম মমতাজ আহমেদ	রাজবাড়ী	রাজিয়া বেগম		
নড়াইল	আনজুমান আরা	শরীয়তপুর	মুশফেকা ইকফাং		
চুয়াডাঙ্গা	সায়মা ইউনুস	টাঙ্গাইল	কওছার জহুরা		

প্রিন্স জাতিসংঘের সদস্যপদ লাভ করে ২৫ অক্টোবর ১৯৫৫

দ্বি-কক্ষ আইনসভার ইতিকথা

বাংলাদেশে আগামী এয়োদশ জাতীয় সংসদ নির্বাচন কোন পদ্ধতিতে হবে তা এখনো নির্ধারণ করা হয়নি। অল্পবর্তীকালীন সরকারের পক্ষ থেকে এখন পর্যন্ত নির্বাচনের কোনো রোডম্যাপ দেওয়া হয়নি। তবে এর মধ্যে দেশের মঙ্গল সার্থক ও ছোট দলগুলো সংখ্যাগরিষ্ঠতা নির্বাচনব্যবস্থার পক্ষে অবস্থান নিয়েছে। অন্যদিকে বড় রাজনীতিক দল বিএনপির মতে, দ্বি-কক্ষবিশিষ্ট সংসদ তৈরি হলে সংসদে সব দলের অংশগ্রহণ নিশ্চিত হবে এবং সংসদে ভারসাম্য আসবে।

পার্লামেন্ট

ফরাসি Parler শব্দটি আসে ল্যাটিন Parabolare থেকে। যার অর্থ talk। Parliament শব্দটি এসেছে পুরানো ফরাসি শব্দ Parlement থেকে। তখন Parliament বলতে আলোচনা, বিতর্ক ও সম্মেলন বোঝাত। বর্তমানে শব্দটি আনুষ্ঠানিক পরামর্শ সভা এবং আইনসভা বোঝাতে ব্যবহৃত হয়। আইনসভাকে ইংরেজিতে বলা হয় Parliament। বিশ্বের প্রথম পার্লামেন্ট হিসেবে পরিচিত ব্রিটিশ আইনসভা। ১২৩৬ সালে ব্রিটিশ রাজ ও আইনসভার উভয়কক্ষকে একত্রে প্রথম আনুষ্ঠানিকভাবে Parliament বলে ডাকা হয়। আধুনিককালে বিভিন্ন দেশে সংবিধান ও আইন অনুযায়ী পার্লামেন্ট প্রতিষ্ঠিত ও পরিচালিত হচ্ছে। বিভিন্ন দেশে আইনসভাকে বিভিন্ন নামে ডাকা হয়। যেমন— বাংলাদেশের আইনসভার নাম 'জাতীয় সংসদ', মার্কিন আইনসভার নাম 'কংগ্রেস'। কোনো কোনো আইনসভা এককক্ষ বিশিষ্ট আবার কোনো কোনোটি দ্বি-কক্ষ বিশিষ্ট।

দ্বি-কক্ষ আইনসভা

দ্বি-কক্ষবিশিষ্ট (Bicameral Legislature) আইনসভা হলো এমন একটি আইনসভা যা দুটি পৃথক কক্ষ নিয়ে গঠিত, যেখানে একটি কক্ষকে 'উচ্চকক্ষ' (Upper House) এবং অন্যটিকে 'নিম্নকক্ষ' (Lower House) হিসেবে বিবেচনা করা হয়। মূলত, এ ধরনের আইনসভায় আইন প্রণয়নে সমান ক্ষমতার ভারসাম্য বা Checks & Balances নিশ্চিত করে। দ্বি-কক্ষ বিশিষ্ট আইনসভার নিম্নকক্ষের সদস্যরা সরাসরি নির্বাচিত হন। তাদের আইন প্রণয়নের ক্ষমতা থাকে। উচ্চকক্ষের সদস্যরা কোনো কোনো দেশে নির্বাচিত আবার কোনো কোনো দেশে মনোনীত হন।

উল্লেখযোগ্য দ্বি-কক্ষবিশিষ্ট আইনসভা

বিশ্বের ১৯২টি দেশে আইনসভা রয়েছে। তার মধ্যে ১০৫টি দেশে এককক্ষবিশিষ্ট ও ৮৭টি দেশে দ্বি-কক্ষবিশিষ্ট আইনসভা রয়েছে।

দেশ	আইনসভা	নিম্নকক্ষ	উচ্চকক্ষ
ফ্রান্স	পার্লামেন্ট	ন্যাশনাল অ্যাসেমবলি	সিনেট
ভারত	সংসদ	লোকসভা	রাজ্যসভা
জাপান	ডায়েট	হাউস অব রিপ্রেজেন্টেটিভস	হাউস অব কাউন্সিলর্স
পাকিস্তান	মজলিস-ই-সভা	ন্যাশনাল অ্যাসেমবলি	সিনেট
রাশিয়া	ফেডারেল অ্যাসেমবলি	স্টেট ডুমা	ফেডারেল কাউন্সিল
যুক্তরাজ্য	পার্লামেন্ট	হাউস অব কমন্স	হাউস অব লর্ডস
যুক্তরাষ্ট্র	কংগ্রেস	হাউস অব রিপ্রেজেন্টেটিভস	সিনেট

মিস এবং তুরক একই সঙ্গে ন্যাটোর সদস্য হয় ১৮ ফেব্রুয়ারি ১৯৫২

উচ্চকক্ষ, নিম্নকক্ষে পাস করা আইন অনুমোদন করে। বিলের উপর আলোচনা, বিতর্ক উচ্চকক্ষে অর্জিত হয়। কোনো দেশে বিল প্রথমে উচ্চকক্ষে উপস্থাপিত হয়। সে সকল দেশের উচ্চকক্ষ একটি স্থায়ী প্রতিষ্ঠান। কোনো উচ্চকক্ষ ভেঙে যায় না। যেমন— ভারতের রাজ্যসভা। প্রতি দু'বছর অন্তর দেশটির রাজ্যসভার এক-তৃতীয়াংশ সদস্য প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হন। যুক্তরাষ্ট্রের ব্যবস্থায় উচ্চকক্ষ রাজ্যগুলোর সমপ্রতিনিধিত্ব নিশ্চিত করে। যেমন— যুক্তরাষ্ট্রের সিনেট। যুক্তরাষ্ট্রের সিনেটে প্রত্যেক অঙ্গরাজ্য থেকে দু'জন করে প্রতিনিধি নির্বাচিত হয়ে আসেন। উচ্চকক্ষের সদস্যরা কোনো কোনো দেশে নিম্নকক্ষের সদস্যদের তুলনায় জনমতের প্রতি কম জবাবদিহিতা করেন। দ্বি-কক্ষবিশিষ্ট আইনসভা চালু থাকলে জনগণের প্রতিনিধি (নিম্নকক্ষ) তাদের নিজেদের বার্থে বা বৈরাচারী উদ্দেশ্যে ইচ্ছামতো কোনো আইন প্রণয়ন ও বাস্তবায়ন করতে পারবে না।

বাংলাদেশে দ্বি-কক্ষবিশিষ্ট আইনসভা

আশির দশকে রাম রাজনীতিবিদ ও বিশিষ্টতাত্ত্বিক সিরাজুল আলম খান দ্বি-কক্ষবিশিষ্ট সংসদ চালুর দাবি তোলেন। এরপর ১৯ মার্চ ২০১৬ দলের জাতীয় কাউন্সিলে বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়া দ্বি-কক্ষবিশিষ্ট আইনসভা গঠনের গুরুত্বের কথা বলেন। সে অনুযায়ী তিনি বিএনপি ঘোষিত ভিশন-২০৩০-এ দ্বি-কক্ষবিশিষ্ট আইনসভা ধারণা অন্তর্ভুক্ত করেন। পরবর্তীতে ১৯ ডিসেম্বর ২০২২ বিএনপি ঘোষিত 'রাষ্ট্রকাঠামো মেরামতের রূপরেখা'-এর ৬ নং দফায় দ্বি-কক্ষবিশিষ্ট আইনসভা তথা জাতীয় সংসদের উচ্চকক্ষ প্রতিষ্ঠার কথা বলা হয়।





বিশ্বজুড়ে

বাণিজ্য যুদ্ধের নতুন অস্ত্র খনিজ পদার্থ

১ অক্টোবর ২০২৪ দুর্লভ খনিজ পদার্থের ওপর নিয়ন্ত্রণ জোরদার করতে চীন নতুন নির্দেশনা কার্যকর করে। এই নির্দেশনা অনুযায়ী এখন কোনো রপ্তানিকারকের দুর্লভ খনিজ পদার্থ রপ্তানি করতে হলে তাদের এ পণ্য কোন দেশে যাচ্ছে, কীভাবে যাচ্ছে এবং কিসে ব্যবহার করা হবে এসব বিস্তারিত তথ্য দাখিল করতে হবে। চীনের বিরল খনিজ পদার্থের ওপর নির্ভরতার কারণে চ্যালেঞ্জের মুখে পড়েছে যুক্তরাষ্ট্র ও তার মিত্ররা। বিশ্বের দুর্লভ খনিজ পদার্থের ৯৫%-এর বেশি উৎপাদন করে চীন। যুক্তরাষ্ট্র তাদের এসব পণ্য আমদানির ৮০% চীনের ওপর নির্ভর করে। অন্যদিকে ২৮ অক্টোবর ২০২৪ যুক্তরাষ্ট্র একটি নীতিমালা প্রকাশ করে যে, চীনের সেমিকন্ডাক্টর, মাইক্রোইলেকট্রনিক্স কোয়ান্টাম ইনফরমেশন টেকনোলজি ও কৃত্রিম বুদ্ধিমত্তাবিষয়ক অন্যান্য খাতসহ প্রযুক্তি প্রতিষ্ঠানের সঙ্গে কোনো মার্কিন ব্যক্তি বা প্রতিষ্ঠান লেনদেন করতে পারবে না। এ নিষেধাজ্ঞা ২ জানুয়ারি ২০২৫ থেকে কার্যকর হবে।

মেক্সিকোয় মায়ান সভ্যতার সন্ধান

২০২৪ সালে উত্তর আমেরিকার দেশ মেক্সিকোতে শতাব্দী ধরে লুকিয়ে থাকা মায়ান সভ্যতার একটি শহরের সন্ধান পান টুলেন ইউনিভার্সিটির পিএইচডি শিক্ষার্থী লুক অউল্ড-বমাস। 'ভ্যালেরিয়ানা' নামে পরিচিত এ শহুরে পিরামিড, খেলার মাঠ, প্রশস্ত পথ এবং অ্যাফিথিয়েট্রসহ বিভিন্ন স্থাপনা পাওয়া যায়। এ আবিষ্কারটি মেক্সিকোর সাউথ ইস্টার্ন ক্যাম্পেচে রাজ্যে অবস্থিত এবং এটি এলাকা অনুযায়ী প্রাচীন ল্যাটিন আমেরিকার সবচেয়ে ঘনবসতিপূর্ণ মায়ান শহরগুলোর মধ্যে দ্বিতীয়।

প্রথম কৃষ্ণাঙ্গ কনজারভেটিভ নেতা

২ নভেম্বর ২০২৪ যুক্তরাষ্ট্রে কনজারভেটিভ পার্টির নতুন নেতা নির্বাচিত হন কেমি হেইডলক। কনজারভেটিভ পার্টির প্রধান হওয়ার জন্য ১৫-৩১ অক্টোবর ২০২৪ কেমি হেইডলক ও রবার্ট জেনরিকের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হয়। অনলাইনে ও সরাসরি ভোটার মাধ্যমে ভোট দেন দলীয় সদস্যরা। কেমি হেইডলক ৫৩,৮০৬ এবং সাবেক অভিবাসনমন্ত্রী রবার্ট জেনরিক ৪১,৩৮৮ ভোট পান। তিনি দেশটির বড় রাজনৈতিক দলের ইতিহাসে প্রথম কোনো কৃষ্ণাঙ্গ নারী দলপ্রধান। এছাড়া কনজারভেটিভ পার্টির চতুর্থ নারী দলপ্রধান। যুক্তরাষ্ট্রে কনজারভেটিভ পার্টির নেতা হলো দলের সর্বোচ্চ পদ। নাইজেরীয় বংশোদ্ভূত কেমির পুরো নাম জুলুকেমি ওলুফুস্তো আদেসোকো হেইডলক।

রাশিয়া-উত্তর কোরিয়া প্রতিরক্ষা চুক্তি

১৯ জুন ২০২৪ রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন এবং উত্তর কোরিয়ার নেতা কিম জং উন কৌশলগত অংশীদারত্বের চুক্তি (Comprehensive Strategic Partnership Treaty) স্বাক্ষর করেন। দুই দেশের স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী, তাদের মধ্যে কোনো একটি দেশে যদি সশস্ত্র আক্রমণ হয়, তাহলে এক দেশের সেনা অন্য দেশকে সাহায্য করবে। ৬ নভেম্বর ২০২৪ রাশিয়ার আইনসভার নিম্নকক্ষ ও উচ্চকক্ষ চুক্তিটির অনুমোদন দেয়। এরপর ৯ নভেম্বর ২০২৪ রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন উত্তর কোরিয়ার সাথে দেশের কৌশলগত অংশীদারত্বের চুক্তিতে স্বাক্ষর করেন। ১৩ নভেম্বর ২০২৪ উত্তর কোরিয়ার নেতা কিম জং উন ডিক্রি জারি করে রাশিয়ার সাথে প্রতিরক্ষা চুক্তির অনুমোদন দেন। এ চুক্তিটি ২৪ ফেব্রুয়ারি ২০২২ শুরু হওয়া ইউক্রেন যুদ্ধে রাশিয়াকে আরও শক্তিশালী করবে।

AI-এর মাধ্যমে 5G পরীক্ষা

১৩ নভেম্বর ২০২৪ গ্রাফিক্স কার্ড ও চিপ নির্মাতা প্রতিষ্ঠান এনভিডিয়া ও জাপানের সফটওয়্যার পরীক্ষামূলকভাবে বিশ্বের প্রথম এআই ও ৫জি (পঞ্চম প্রজন্ম বা 5G) টেলিযোগাযোগ নেটওয়ার্কের পরীক্ষা করে। কৃত্রিম বুদ্ধিমত্তা রেডিও অ্যাক্সেস নেটওয়ার্কের (AI-RAN) কাজের জন্য এটি তৈরি করা হয়। দ্রুতগতির এ নেটওয়ার্কের মাধ্যমে দূর থেকে গাড়ি চালানো ও রোবট বিজ্ঞানের বিভিন্ন কৌশল নিয়ন্ত্রণ করা যাবে।



সাবেক তিন নারী নেতা

নাম	দলের প্রধান	বিশেষ তথ্য
মার্গারেট থ্যাচার	১১ ফেব্রুয়ারি ১৯৭৫-৪ মে ১৯৭৯	প্রথম মহিলা প্রধানমন্ত্রী
থেরেসা মে	১১ জুলাই ২০১৬-২ জুলাই ২০১৯	দ্বিতীয় মহিলা প্রধানমন্ত্রী
লিজ ট্রাস	৫ সেপ্টেম্বর-২৪ অক্টোবর ২০২২	তৃতীয় মহিলা প্রধানমন্ত্রী

ফ্রিস ইউরোপীয় ইউনিয়নে যোগদান করে ১ জানুয়ারি ১৯৮১

বিশ্বজুড়ে

চতুর্থ HPV টিকা অনুমোদন

৪ অক্টোবর ২০২৪ বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর পক্ষ থেকে চতুর্থ Human Papillomavirus (HPV)-এর টিকা 'সেকোলিন' (Cecolin) জনসাধারণের মাঝে ব্যবহারের জন্য অনুমোদন দেয়। এ টিকা তৈরি করে চীনের ইনোভাভ্যাক কোম্পানি। বাংলাদেশে মানবদেহে এ টিকার পরীক্ষা করে আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্রের (icddr,b) বিজ্ঞানীরা। ২০২১-২০২৩ সাল পর্যন্ত তিন বছর icddr,b চাঁদপুরের মতলবে এ পরীক্ষা চালায়। পাশাপাশি আন্তর্জাতিক গবেষণা সংস্থা পাথ ও ঘানার বিজ্ঞানীরাও আলাদাভাবে এ টিকার পরীক্ষা করে। এর ফলে বিশ্বে এখন পর্যন্ত এ ব্যাপারের চারটি টিকার অনুমোদন দেয় সংস্থাটি। অন্য তিনটি টিকা হলো— বেলজিয়ামের জেএসকে কোম্পানির তৈরি সারভিক্স, যুক্তরাষ্ট্রের মার্ক অ্যান্ড কোং এর তৈরি গার্ডাসিল-৪ ও একই কোম্পানির গার্ডাসিল-৯।

যুক্তরাজ্য-জার্মানির প্রতিরক্ষা চুক্তি

২৩ অক্টোবর ২০২৪ যুক্তরাজ্য ও জার্মানি 'ট্রিনিটি হাউস চুক্তি' (Trinity House Agreement) নামে নতুন প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষর করে। চুক্তির অধীনে জার্মানি প্রতিরক্ষা সংস্থা রাইনহেল্ডোল অর্গানাইজেশন বন্দুকের জন্য ব্যারেল তৈরি করতে যুক্তরাজ্যে একটি নতুন কারখানা খুলবে। এছাড়া উভয় দেশই নতুন দুর্পাল্লার ক্ষেপণাস্রম এবং ড্রোন তৈরিতে একসঙ্গে কাজ করবে।



জাপানের সাধারণ নির্বাচন

২৭ অক্টোবর ২০২৪ জাপানের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। ৪৬৫ আসনবিশিষ্ট নিম্নকক্ষে একক সংখ্যাগরিষ্ঠতা পেতে একটি দলের ২৩৩ আসন প্রয়োজন। লিবেরেল ডেমোক্রেটিক পার্টি (LDP) ১৯১টি এবং বিরোধী দল কমসিটিউশনাল ডেমোক্রেটিক পার্টি (CDP) ১৪৮টি আসন পায়। উল্লেখ্য, ১৯৫৫ সালে প্রতিষ্ঠিত দলটি বেশিরভাগ সময়ই জাপানের ক্ষমতায় ছিল। ২০০৯ সালের পর এবারের নির্বাচনে ক্ষমতাসীন LDP প্রথম সংখ্যাগরিষ্ঠতা হারায়।

পুনরায় প্রধানমন্ত্রী ইশিবা

১১ নভেম্বর ২০২৪ নতুন প্রধানমন্ত্রী নির্বাচনে আইনসভার নিম্নকক্ষে ভোট অনুষ্ঠিত হয়। প্রথম দফার ভোটে কোনো প্রার্থী সংখ্যাগরিষ্ঠতা অর্জন করতে না পারায় শীর্ষ দুই প্রার্থী শিশোক ইশিবা ও ইয়োশিহিকো নোদার মধ্যে দ্বিতীয় দফার ভোট অনুষ্ঠিত হয়। এতে ইশিবা ২২২ ভোট পেয়ে প্রধানমন্ত্রী হিসেবে পুনর্নির্বাচিত হন। উল্লেখ্য, জাপানের সংসদীয় পদ্ধতির অনুসৃত নিয়ম অনুযায়ী, প্রথম দফার নির্বাচনে একক কোনো প্রার্থী সংখ্যাগরিষ্ঠ সংসদ সদস্যের অনুমোদন লাভে ব্যর্থ হলে শীর্ষ দুই প্রার্থীর মধ্যে দ্বিতীয় দফার ভোট গ্রহণ করা হয়। আর ১৯৯৪ সালের পর নিম্নকক্ষে এবারই প্রথম দ্বিতীয়বারের মতো নির্বাচন অনুষ্ঠিত হয়। এর আগে ২৭ সেপ্টেম্বর ২০২৪ ক্ষমতাসীন LDP'র প্রধান নির্বাচিত হন ইশিবা শিশোক। ১ অক্টোবর ২০২৪ প্রধানমন্ত্রী হওয়ার তিনদিনের মাথায় পার্লামেন্টের নিম্নকক্ষ ভেঙে দিয়ে নির্ধারিত সময়ের আগে নির্বাচনের ঘোষণা দেন তিনি।



বতসোয়ানায় ক্ষমতার পালাবদল

৩০ অক্টোবর ২০২৪ আফ্রিকার দেশ বতসোয়ানায় সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে বিরোধী জোট আমক্লো ফর ডেমোক্রেটিক চেঞ্জ (UDC) ৩৬টি আসনে জয় হয়ে সংখ্যাগরিষ্ঠতা পায়। আর মাত্র ৪টি আসনে জয় পায় ক্ষমতাসীন দল BDP। এর মধ্য দিয়ে ৫৮ বছর পর বতসোয়ানায় ক্ষমতার পালাবদল ঘটে। বতসোয়ানার জাতীয় নির্বাচনে ক্ষমতাসীন দল 'বতসোয়ানা ডেমোক্রেটিক পার্টি' (BDP) ৫৮ বছর পর ক্ষমতাচ্যুত হয়। বতসোয়ানার পার্লামেন্টে আসন ৬৯টি। এর মধ্যে ৬১টি আসনে সরাসরি ভোট হয়। বাকি আসনের সদস্যরা নিয়োগপ্রাপ্ত ও পদাধিকারবলে নির্বাচিত হন। সর্বশেষ প্রেসিডেন্ট ছিলেন মোখেসি মাসিসি। ১ নভেম্বর ২০২৪ দেশটির নতুন প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন ৫৪ বছর বয়সি আইনজীবী দুমা বোকে।

শ্রীলঙ্কায় পার্লামেন্ট নির্বাচন

১৪ নভেম্বর ২০২৪ শ্রীলঙ্কায় পার্লামেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে শ্রীলঙ্কার বামপন্থী প্রেসিডেন্ট অনুরা কুমারা দিশানায়েকের নির্বাচনি জোট ন্যাশনাল পিপলস পাওয়ার (NPP) ১৯৬ আসনের মধ্যে ১৪১ আসন পায়। অন্যদিকে NPP জোটের প্রধান প্রতিপক্ষ সমাগি জনা বালাবেগায়া (SJB) ৩৫টি আসন পায়। এরপর আনুপাতিক পদ্ধতিতে NPP জোট ১৫৯ আসন ও SJB ৪০টি আসন লাভ করে। উল্লেখ্য, শ্রীলঙ্কায় পার্লামেন্টে আসন সংখ্যা ২২৫। এর মধ্যে দেশকে ১৯৬ আসনে ভাগ করে আনুপাতিক পদ্ধতিতে প্রার্থীভিত্তিক সরাসরি ভোট হয়। এ ১৯৬টি আসন দেশটির ৯ প্রদেশকে ২২টি নির্বাচনি জেলায় ভাগ করে বন্টিত হয়। এ কটন হয় দু'ভাবে। প্রতিটি প্রদেশকে দেওয়া হয় ৪টি করে ৩৬টি আসন, আর প্রদেশগুলোর ভেতরে থাকা নির্বাচনি জেলাগুলোকে জনসংখ্যার ভিত্তিতে দেওয়া হয় বাকি ১৬০ আসন। এ ১৯৬ আসনের বাইরে পার্লামেন্টের বাকি ২৯টি আসন রাখা হয় 'জাতীয়ভিত্তিক আসন' হিসেবে। সেগুলো রাজনৈতিক দলগুলো পায় পূর্বোক্ত ১৯৬ আসনে তাদের প্রাপ্ত ভোটের হিস্যা অনুযায়ী। রাজনৈতিক দলগুলোকে ভোটের আশেই এই ২৯ আসনের প্রার্থীদের অস্বাধিকারভিত্তিক নামের তালিকা দিতে হয়।

মিসের প্রধান ধর্ম গ্রিক অর্থোডক্স খ্রিষ্টান

চীনে ডিসামুক্ত ৯ দেশ

১ নভেম্বর ২০২৪ চীন তার ডিসামুক্ত নীতি আরও ৯টি দেশে প্রসারিত করে। শর্তসাপেক্ষে এ দেশগুলোকে ডিসা ছাড়াই ১৫ দিন পর্যন্ত চীনে ব্যবসা, পর্যটন, পারিবারিক পরিদর্শন বা ট্রানজিটের জন্য সুবিধা দেওয়া হয়। দেশগুলো হলো— মৌজিকিয়া, নরওয়ে, ফিনল্যান্ড, জের্মানি, অ্যাডোয়া, আইসল্যান্ড, মোনাকো, লিচেনস্টাইন ও দক্ষিণ কোরিয়া। ৮ নভেম্বর ২০২৪ থেকে এ সুবিধা কার্যকর হয় এবং এ নীতি ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত কার্যকর থাকবে।

আফগানিস্তানে ট্রেন চলাচল

৩১ অক্টোবর ২০২৪ চীন ও আফগানিস্তানের মাঝে সরাসরি মালবাহী ট্রেন চলাচল শুরু হয়। চীনের চিয়াংসু প্রদেশের নানখং বন্দর থেকে আফগানিস্তানের বালখ প্রদেশের হাইরতন বন্দরে সরাসরি ট্রেন চলাচল শুরু করে। ৫৫টি বগিতে বিভিন্ন বৈদ্যুতিক সরঞ্জাম, পোশাকসহ নানা পণ্য নিয়ে নানখং থেকে আফগানিস্তানের উদ্দেশ্যে যাত্রা শুরু করে একটি ট্রেন। কাজাখস্তান ও উজবেকিস্তান হয়ে আফগানিস্তানে পৌঁছাতে ট্রেনটির প্রায় ২০ দিন সময় লাগে। উল্লেখ্য, ২০১৬ সালে প্রথমবারের মতো চীন ও আফগানিস্তানের মাঝে সরাসরি মালবাহী ট্রেন চলাচল শুরু হয়। তবে আফগানিস্তানে যুক্তরাষ্ট্র ও ন্যাটোর চাপানো যুদ্ধ ও অস্থিতিশীলতার কারণে দীর্ঘদিন এ সেবা বন্ধ ছিল।

বিশ্বের সবচেয়ে শক্তিশালী চুম্বক

সম্প্রতি বিশ্বের সবচেয়ে শক্তিশালী চুম্বক তৈরি করেন চীনের বিজ্ঞানীরা, যার সক্ষমতা পৃথিবীর চৌম্বক ক্ষেত্রের আট লাখ গুণ। 'চাইনিজ একাডেমি অব সায়েন্স'র 'হ্যাফেই ইনস্টিটিউট অব ফিজিক্যাল সায়েন্স' বিভাগের একদল গবেষক এ তাপনিরোধী চুম্বক তৈরি করেন। এটি ৪২.০২ টেসলা সক্ষমতার স্থির চৌম্বক ক্ষেত্র অর্জন করে নতুন বিশ্ব রেকর্ড গড়ে। এর আগের রেকর্ড ছিল ৪১.৮ টেসলা। ২০১৭ সালে এ কৃতিত্ব অর্জন করেন ফ্লোরিডার 'ইউএস ন্যাশনাল হাই ম্যাগনেটিক ফিল্ড ল্যাবরেটরি'র গবেষকরা। ৪২ টেসলার তাপনিরোধী চুম্বক থেকে রেকর্ড জাত চৌম্বক ক্ষেত্র তৈরির জন্য ৩২.৩ মেগাওয়াট বিদ্যুৎ খরচ হবে, যেখানে অতিরিক্ত তাপ প্রতিরোধ করতে আকারে ছোট ঘরের সমান একটি জায়গা লাগবে।

বিশ্বের বৃহত্তম প্রবালের সন্ধান

১৪ নভেম্বর ২০২৪ প্রশান্ত মহাসাগরে বিশ্বের সবচেয়ে বড় প্রবালের সন্ধান পায় বলে জানান ন্যাশনাল জিওগ্রাফিকের বিজ্ঞানীরা। সলোমন দ্বীপপুঞ্জের দক্ষিণ-পূর্বাঞ্চলীয় প্রান্তের একটি জায়গায় প্রবালটির সন্ধান পাওয়া যায়। এই জায়গাটি 'প্রিন্সিস্টারস' নামে পরিচিত। প্রবালটি ৩০০ বছর ধরে গড়ে উঠেছে। এটি ক্ষুদ্র ক্ষুদ্র প্রবাল কীটের সমন্বয়ে গঠিত। প্রবালটি ৩৪ মিটার (১১১ ফুট) চওড়া এবং ৩২ মিটার (১০৪ ফুট) দীর্ঘ। এত দিন সামোয়াতে 'বিশ্ব মায়াম' নামে পরিচিত প্রবালটি বিশ্বের সবচেয়ে বড় প্রবাল হিসেবে স্বীকৃত ছিল।



জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন
১১-২২ নভেম্বর ২০২৪ জলবায়ু পরিবর্তন সংক্রান্ত জাতিসংঘ ফ্রেমওয়ার্ক কনভেনশনের রুপরেখার আলোকে আজারবাইজানের বাকুতে 'ইন সলিডারিটি ফর আ গ্রিন ওয়ার্ল্ড' শ্লোগানে জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন বা COP29 অনুষ্ঠিত হয়। এ প্রেক্ষাপটে জলবায়ু সম্মেলনের নানা তথ্য নিয়ে এ এয়োজন।

COP29-এর আলোচ্য বিষয়

- COP29-এর লক্ষ্য তাপমাত্রা বৃদ্ধি 1.5C-এর মধ্যে সীমাবদ্ধ রাখা।
- ক্ষতি ও ক্ষতিপূরণ তহবিল কার্যকর করার ওপর জোর দেওয়া যাবে যুক্ত দ্বীপ উন্নয়নশীল রাষ্ট্র (SIDS) এবং স্বল্পোন্নত দেশ (LDCs) বিশেষ করে ঝুঁকিপূর্ণ সম্প্রদায়কে সহায়তা করা।
- আজারবাইজানের বাকুতে ক্লাইমেট ফাইন্যান্স অ্যাকশন ফাউন্ডেশন (CFAP) চালু করা হয়, যার মাধ্যমে জীবাশ্ম জ্বালানি উৎপাদনকারী দেশ এবং কোম্পানিগুলোর কাছ থেকে বার্ষিক ১ বিলিয়ন মার্কিন ডলার সহায়তা চাওয়া হয়।

শান্তি

- COP29 সম্মেলনে বৈশ্বিক পরিবর্তন মোকাবিলায় ধনী দেশগুলো তাপ নির্গমন কমাতে ৫০০ মিলিয়ন মার্কিন ডলার অর্থ সহায়তা প্রদান করার প্রতিশ্রুতি দেয়।
- আজারবাইজানের প্রেসিডেন্ট জলবায়ু পরিবর্তনের ঝুঁকির মুখে থাকা দেশগুলোকে নিয়ে একটি নতুন নেটওয়ার্ক চালুর ঘোষণা দেন। যার মধ্যে থাকবে সংঘাত পীড়িত গ্রুপ অব স্টেভেন গ্রাস-এর বেশি কিছু দেশ। গ্রুপ অব স্টেভেনের দেশ— বুরুন্ডি, শাদ, ইরাক, সিয়েরা লিওন, সোমালিয়া, পূর্ব তিমুর এবং ইয়েমেন।

জি জিরো

১৩ নভেম্বর ২০২৪ বিশ্বের ৪টি ছোট কার্বন-নেতিবাচক দেশ এক হয়ে গঠন করে 'জি জিরো' ফোরাম। COP29 সম্মেলনে গঠিত এ ফোরামে রয়েছে ছুটান, মানাগাস্কার, পানামা এবং সুরিনাম। দেশগুলো জলবায়ু সুরক্ষার যুক্তিকে এগিয়ে নিতে সমন্বিতভাবে কাজ করতে একটি যৌথ ঘোষণা দেয়। এ চার দেশে যতটুকু কার্বন নিঃসরণ হয়, তা হয় দুষণমাত্রার চেয়ে কম নতুবা সেই দুষণ শুধে নেওয়ার মতো পরিবেশ ব্যবস্থা তারা তৈরি করতে পেরেছে।

Fact File

- COP'র পূর্ণরূপ : Conference of the Parties
- COP29-এর সময়সূচি : ১১-২২ নভেম্বর ২০২৪
- COP29-এর সভাপতি : ইলহাম আলিয়েভ
- COP29-এ অংশগ্রহণকারী দেশ ও অঞ্চল : প্রায় ২০০
- COP30'র আয়োজক : আমাজনিয়ান, ব্রাজিল
- COP30'র সভাপতি সময়সূচি : ১০-২১ নভেম্বর ২০২৫।

দ্রিস বিশ্বের অন্যতম বৃহৎ অগ্নিত অয়েল উৎপাদক



সৌদি-ভারত বিদ্যুৎ সংযোগে চুক্তি

৩০ অক্টোবর ২০২৪ মধ্যপ্রাচ্যের প্রথম দেশ হিসেবে ভারতের সঙ্গে সরাসরি বিদ্যুৎ সংযোগ স্থাপনের চুক্তি করে সৌদি আরব। রিয়াদে সৌদির ন্যাশনাল ইলেকট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি এবং ভারতের সেন্ট্রাল ট্রান্সমিশন ইউটিলিটির মধ্যে স্বাক্ষরিত হয় এ চুক্তি। ভারত সৌদি আরবের দ্বিতীয় বৃহত্তম ও সৌদি আরব ভারতের পঞ্চম বৃহত্তম বাণিজ্যিক অংশীদার।

আয়ারল্যান্ডে ফিলিস্তিনি রাষ্ট্রদূত

৫ নভেম্বর ২০২৪ ইউরোপের দেশ আয়ারল্যান্ড প্রথমবারের মতো ফিলিস্তিনে রাষ্ট্রদূত নিয়োগের অনুমোদন দেয়। ফিলিস্তিনে প্রতিনিধি দলের প্রধান জিলান ওয়াহবা আব্দুল মাজিদ রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করবেন। এর আগে ২৮ মে ২০২৪ ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয় আয়ারল্যান্ড। এরপর ২৯ সেপ্টেম্বর ২০২৪ আয়ারল্যান্ড ও ফিলিস্তিন রাষ্ট্রের মধ্যে আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক স্থাপিত হয়। আয়ারল্যান্ড পশ্চিমতীরের রামাদ্রায় একটি দূতাবাস স্থাপন করে। সেখানে ২০০০ সাল থেকে তাদের প্রতিনিধি অফিস রয়েছে।

তুরস্কের স্টিল ডোম

২৯ অক্টোবর ২০২৪ তুরস্কের প্রতিরক্ষা ব্যবস্থা শক্তিশালী করার লক্ষ্যে প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান স্টিল ডোম চালুর ঘোষণা দেন। এ স্টিল ডোমকে ইসরায়েলের বিখ্যাত আয়রন ডোমের সাথে তুলনা করেন তিনি। ২০১১ সালে যুক্তরাষ্ট্রের মালিকানাধীন রাফায়েল অ্যাডভান্সড ডিফেন্স সিস্টেম ইসরায়েলের আয়রন ডোম ব্যবস্থা তৈরি করে। এটি রাডার-নির্দেশিত ক্ষেপণাস্রোর মাধ্যমে রকেট, মর্টার ও ড্রোনের মতো স্বল্পপাল্লার হুমকিকে মার্ব আকাশে ধ্বংস করতে সক্ষম।

ফিলিস্তিনি রাষ্ট্র গঠনে আরব-ইসলামিক সম্মেলন ১১ নভেম্বর ২০২৪ পৃথক দুই রাষ্ট্র গঠনের মাধ্যমে ফিলিস্তিন সংকটের সমাধানের লক্ষ্যে সৌদি আরবের রাজধানী রিয়াদে বৈঠকে বসেন আরব লিগ ও ইসলামি সহযোগিতা সংস্থা (OIC) শীর্ষ নেতারা। ফিলিস্তিন রাষ্ট্র গঠনের পাশাপাশি মধ্যপ্রাচ্যে টেকসই শান্তি ও স্থিতিশীলতা ফেরানো নিয়েই আলোচনা হয় আরব-ইসলামিক শীর্ষ সম্মেলনে।

বিশ্বের সবচেয়ে ব্যয়বহুল ভবন

সৌদি আরবের রিয়াদে নির্মিত হবে বিশ্বের সবচেয়ে বড় ভবন 'মুকাব টাওয়ার' (Mukab Tower)। যা নির্মাণে ব্যয় ধরা হয় প্রায় ৫,০০০ কোটি মার্কিন ডলার। ভবনটির উচ্চতা ১,৩০০ ফুট আর প্রশস্ত ১,২০০ ফুট যা ২০টি এম্পায়ার স্টেট বিল্ডিংয়ের সমান। একটি ভবনের মধ্যে একটি ভবিষ্যৎ শহর হিসেবে পরিকল্পিত এ স্থাপনায় ফ্লোর স্পেস থাকবে ২০ লাখ বর্গমিটার। এ ভবনে থাকবে ১ লাখ ৪ হাজার আবাসিক ইউনিট, ৯,০০০ হোটেল কক্ষ, অফিস, বিনোদনের জায়গাসহ বিভিন্ন উচ্চাভিলাষী সুবিধা। ভবনটি সাজানো হবে Artificial intelligence (AI) প্রযুক্তি দিয়ে। এর বাইরের দিকে থাকবে লাস ভোগাসের স্পায়ারের মতো বিশাল স্ক্রিন।

৪০০০ বছরের পুরানো শহর

সম্প্রতি সৌদি আরবের একটি মরুদ্যানে ৪০০০ বছরের পুরানো এক শহরের সন্ধান পাওয়া যায়। উত্তর-পশ্চিম সৌদিতে পাওয়া এ প্রাচীন শহরের নাম আল-নাতাহ। শহরটি দীর্ঘকাল ধরে খাইবারের প্রাচীরে ঘেরা মরুদ্যানের আড়ালে লুকিয়ে ছিল। শহরটি যুক্তরাষ্ট্রের জেনারেল অন্তত ২,৪০০ বছর আগের। এ সময়টি ছিল মানব সভ্যতার ব্রোঞ্জ যুগে প্রবেশের প্রারম্ভিককাল। প্রাচীনকালেও এ অঞ্চল সভ্যতা ছিল উন্নত। প্রাচীন এ শহরে ৫০০টির বেশি বাড়ি। শহরটিতে একটি মন্দিরের ধ্বংসাবশেষ, ব্রোঞ্জের তৈরি কুঠার ও ছোরা, তেজসপত্র, চীনা মাটির তৈরি পাতা এবং মূল্যবান রত্নপাথর পাওয়া যায়। সৌদি ও ফ্রান্সের একদল প্রত্নতাত্ত্বিকের যৌথ প্রচেষ্টায় ধ্বংসাবশেষটি উদ্ধার হয়। এক্ষেত্রে দলটির নেতৃত্ব ছিলেন ফ্রান্সের বিখ্যাত প্রত্নতাত্ত্বিক গিলাম শালোঁ।

হিজবুল্লাহর নতুন মহাসচিব

২৯ অক্টোবর ২০২৪ লেবাননের রাজনৈতিক ও সশস্ত্র সংগঠন হিজবুল্লাহর নতুন মহাসচিব হন ৭১ বছর বয়সি নাইম কাশেম। ২৭ সেপ্টেম্বর ২০২৪ সংগঠনটির প্রধান হাসান নাসরুল্লাহ নিহত হওয়ার পর তার সচিব উত্তরসূরি হিসেবে হাশেম সাফিউদ্দিনকে বিবেচনা করা হয়। ৩ অক্টোবর ২০২৪ বৈরুতের দক্ষিণ উপকণ্ঠে ইসরায়েল বিমান হামলা চালিয়ে সাফিউদ্দিনকে হত্যা করে। এরপর হিজবুল্লাহর প্রধান হন নাইম কাশেম।



হিজবুল্লাহর মহাসচিব	
নাম	সময়কাল
সুবি আল-তুফায়লী	১৯৮৯-মে ১৯৯১
আব্বাস আল-মুসাভি	মে ১৯৯১-১৬ ফেব্রুয়ারি ১৯৯২
হাসান নাসরুল্লাহ	১৬ ফেব্রু. ১৯৯২-২৭ সেপ্টে. ২০২৪
নাইম কাশেম	২৯ অক্টোবর ২০২৪-বর্তমান

লেবাননের রাজনৈতিক দল আমল মুভমেন্টে যোগ দেওয়ার মধ্য দিয়ে নাইমের রাজনৈতিক জীবন শুরু হয়। হিজবুল্লাহর অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য নাইম কাশেম। ১৯৮২ সালে লেবাননে ইসরায়েলি অগ্রাসনের পর ইরানের ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পসের সমর্থনে হিজবুল্লাহ প্রতিষ্ঠিত হয়।

ন্যাশনাল অ্যাড কাশোভিস্ট্রিয়ান ইউনিভার্সিটি অব এথেন্স গ্রিসের প্রথম বিশ্ববিদ্যালয় (প্রতিষ্ঠা ১৮৩৭)



সামরিক বিমানের প্রথম বেসরকারি কারখানা
২৮ অক্টোবর ২০২৪ সামরিক বিমান তৈরির জন্য ভারতে প্রথম বেসরকারি কারখানা উদ্বোধন করা হয়। ভারতের মাটিতে টাটা এয়ারবাস সিস্টেম লিমিটেড এবং এয়ারবাসের যৌথ উদ্যোগে তৈরি এ কারখানা বিমানবাহিনীর জন্য সি-২৯৫ সামরিক বিমান তৈরি করবে। ২০২১ সালে ভারতের প্রতিরক্ষা মন্ত্রণালয় এয়ারবাস ডিফেন্স অ্যান্ড স্পেসেস সেক্টরে ৫৬টি বিমান ক্রয়ের জন্য ২৫০ কোটি ডলারের একটা চুক্তিতে স্বাক্ষর করে। এর মধ্যে ১৬টি বিমান স্পেসেস তৈরি করা হয় এবং তা ২০২৩ সালে ভারতকে দিয়ে দেওয়া হয়। বাকি ৪০টির উৎপাদন করা হবে ভারতে। ভদানদার এ কারখানায় ২০২৬ সালে প্রথম মেড ইন ইন্ডিয়া নামে সি-২৯৫ বিমান তৈরি হবে।

আলিগড় বিশ্ববিদ্যালয় ফের সংখ্যালঘু মর্যাদায়
১৯৬৭ সালে সুপ্রিম কোর্টের রায়ে আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় সংখ্যালঘু শিক্ষাপ্রতিষ্ঠানের মর্যাদা বিলুপ্ত হয়। ১৯৮১ সালে তৎকালীন ইন্দিরা গান্ধীর সরকার আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় আইন সংশোধন করে সেটিকে সংখ্যালঘু শিক্ষাপ্রতিষ্ঠানের মর্যাদা ফিরিয়ে দেয়। কিন্তু ২০০৬ সালে এলাহাবাদ হাইকোর্টে ইন্দিরা গান্ধীর সেই সংশোধনিক 'অসংবিধানিক' বলে খারিজ করে দেয়। পরে সেই রায়ে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে যায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ৮ নভেম্বর ২০২৪ সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীন সাত সদস্যের বেঞ্চ ১৯৬৭ সালের সিদ্ধান্ত খারিজ করে দেয়। সংখ্যাগরিষ্ঠ সেই রায়ে আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের সংখ্যালঘু চরিত্র পুনর্মূল্যায়নের নির্দেশ দেওয়া হয়। ভারতের উত্তরপ্রদেশ রাজ্যের আলিগড় শহরে অবস্থিত। ২৪ মে ১৮৭৫ ভারতের উত্তরপ্রদেশ রাজ্যের আলিগড় শহরে সৈয়দ আহমদ খান মুহাম্মদান অ্যাংলো-ওরিয়েন্টাল কলেজ প্রতিষ্ঠা করেন। ১ ডিসেম্বর ১৯২০ সেটিকে আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা হয়।

নবরূপে লেডি জাস্টিস
২০২৪ সালে ভারতের সুপ্রিম কোর্ট বিচার কার্যে ন্যায়ের নতুন প্রতীক উন্মোচন করে। নতুন প্রতীকে 'লেডি জাস্টিসের' চোখের বাধন খুলে দেওয়া হয়। মূর্তির হাতে তরবারির বদলে উঠেছে সর্বিধান। অন্য হাতে দাঁড়িপাল্লাটি থাকলেও বদলে দেওয়া হয়েছে লেডি জাস্টিসের পোশাক-পরিচ্ছদ। ঝিক স্থাপত্যটির পরনে ধাকা গাউনের বদলে নতুন মূর্তিকে পরানো হয় শাড়ি, নানা রকম অলঙ্কার, এমনকি, মাথায় ভারতীয় সেবদেবীদের মতো মুকুটও। এর আগেও সুপ্রিম কোর্টের প্রতীক এবং পতাকাতে পরিবর্তন আনা হয়। নীলরঞ্জ নতুন পতাকায় রয়েছে অশোক চক্র, সুপ্রিম কোর্ট ভবন এবং সর্বিধানের ছবি। নিচে লেখা রয়েছে একটি সংস্কৃত শ্লোক— 'ইয়াতো ধর্মস্ততো জয়'। অর্থাৎ, যেখানে ধর্ম সেখানেই জয়।

বিমস্টেক এনার্জি সেন্টার
ভারতে Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation (BIMSTEC) এনার্জি সেন্টার প্রতিষ্ঠার লক্ষ্যে ৮ নভেম্বর ২০২৪ ভারত সরকারের সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়। ভারতের বেঙ্গালুরুতে এ সেন্টারটি প্রতিষ্ঠিত হবে। বিমস্টেক এনার্জি সেন্টার একটি আঞ্চলিক এনার্জি ডাটাবেস পরিচালনা করবে।

হাইপারসনিক ক্ষেপণাস্ত্র পরীক্ষা
১৬ নভেম্বর ২০২৪ ভারত প্রথমবারের মতো হাইপারসনিক ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা চালায়। ভারতীয় প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা (DRDO) ও এর অংশীদার কোম্পানিগুলো এ ক্ষেপণাস্ত্রটি তৈরি করে। ক্ষেপণাস্ত্রটি বোমাসহ ১,৫০০ কিলোমিটারের বেশি দূরত্ব অতিক্রম করার মতো করে নকশা করা হয়। যুক্তরাষ্ট্র, রাশিয়া, চীন ও উত্তর কোরিয়া এরই মধ্যে হাইপারসনিক ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালায়। এ তালিকায় এবার নাম লেখান ভারত। **হাইপারসনিক ক্ষেপণাস্ত্র** : শব্দের গতির চেয়ে কমপক্ষে ৫-২৫ গুণ বেশি তথ্য প্রতি ঘণ্টায় ৬,১০০ কিলোমিটার (৩,৮০০ মাইল) বেশি বেগে উড়তে পারে এমন ক্ষেপণাস্ত্রকেই সাধারণত হাইপারসনিক ক্ষেপণাস্ত্র বলা হয়। হাইপারসনিক ক্ষেপণাস্ত্র প্রযুক্তি একেবারেই নতুন। এটি উৎক্ষেপণের পর খুব দ্রুত ওপরে উঠে আবার নেমে এসে অনুভূমিকভাবে বায়ুমণ্ডলের মধ্যেই চলতে থাকে, গতিপথও পরিবর্তন করতে পারে।

কানাডার সাইবার শত্রু ভারত
৩০ অক্টোবর ২০২৪ কানাডা তাদের সাইবার হুমকি নিরূপণ প্রতিবেদন ২০২৫-২৬ প্রকাশ করে। সেখানে ভারতকে 'সাইবার প্রতিপক্ষ' হিসেবে আখ্যায়িত করে। এতে ভারতীয় রাষ্ট্র-সমর্থিত ব্যক্তি বা গোষ্ঠী সম্ভবত কানাডা সরকারের নেটওয়ার্কের বিরুদ্ধে গুপ্তচরবৃত্তির উদ্দেশ্যে সাইবার কার্যক্রম পরিচালনা করেছে। তালিকায় ভারতের স্থান পঞ্চম। নীর্বে রয়েছে— চীন, রাশিয়া, ইরান ও উত্তর কোরিয়া। ২০১৮, ২০২০ ও ২০২৩, ২০২৪ সালের প্রতিবেদনে ভারতের নাম ছিল না। উল্লেখ্য, ১৮ জুন ২০২৩ কানাডায় শিব নেতা হরদীপ সিং নিজের হত্যাকাণ্ডের পর থেকে ভারতের সঙ্গে কানাডার সম্পর্কের অবনতি হয়।



মার্কিন নির্বাচন ২০২৪

৫ নভেম্বর ২০২৪ যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচনের পাশাপাশি ভাইস প্রেসিডেন্ট, মার্কিন কংগ্রেসের উচ্চকক্ষ সিনেটের ৩৪ আসন ও নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদের ৪৩৫ আসনে ভোট হয়। কিছু অঙ্গরাজ্যের গভর্নর ও আইনসভা নির্বাচনও হয়। সব মিলিয়ে এ বছর ৫,০০০-এর বেশি স্থানীয়, অঙ্গরাজ্য পর্যায়ের ও কেন্দ্রীয় নির্বাচন অনুষ্ঠিত হয়। ২০২৪ সালের মার্কিন নির্বাচনের বিভিন্ন তথ্য তুলে ধরার পাশাপাশি নতুন নির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পরিচয় নিয়ে আমাদের এ আয়োজন।

কংগ্রেস ও অন্যান্য নির্বাচন

দ্বি-কক্ষবিশিষ্ট মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ হাউস অব রিপ্রেজেন্টেটিভস বা প্রতিনিধি পরিষদ। এর আসন সংখ্যা ৪৩৫টি, মেয়াদ ২ বছর। অন্যদিকে উচ্চকক্ষ সিনেটের আসন সংখ্যা ১০০টি, মেয়াদ ৬ বছর। তবে এ সিনেটরদের মধ্যে আবার তিন রকমের ভাগ থাকে। এক-তৃতীয়াংশ সিনেটরকে দুই বছর পর পর নির্বাচনে লড়তে হয়।

বর্তমানে দলীয় অবস্থান

বিষয়	রিপাবলিকান	ডেমোক্রেট
প্রতিনিধি পরিষদ	২১৯	২১৩
সিনেট	(৫৩)	৪৭
গভর্নর	২৭	২৩

- [আপডেট : ২০ নভেম্বর ২০২৪ পর্যন্ত]
- মার্কিন কংগ্রেসে প্রথমবারের মতো স্থান পান সারাথ ম্যাকবাইড নামের একজন ট্রাম্পজেন্ডার। ডেলাওয়্যার অঙ্গরাজ্যের সিনেটের প্যালামেন্টের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদে জম্মি হন তিনি।
 - মার্কিন ইতিহাসে প্রথমবারের মতো দুই কৃষ্ণাঙ্গ নারী সিনেটর হিসেবে নির্বাচিত হন। তারা হলেন— লিসা ব্লাউট রচেস্টার ও অ্যাঞ্জেলো মেরিল্যান্ড থেকে নির্বাচিত হন। এর আগে সিনেটে ছয়জন কৃষ্ণাঙ্গ নারী দায়িত্ব পালন করেন। তবে একই সময় একাধিক নারী কখনোই ছিলেন না। যা এবারই প্রথম।
 - প্রথম কোরিয়ান আমেরিকান সিনেটর অ্যান্ডি কিম।

তথ্য-উপাত্তে মার্কিন প্রেসিডেন্ট

- ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রের ৪৫তম ও ৪৭তম প্রেসিডেন্ট।
- লাগাতার তিনটি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে প্রথম এবং তৃতীয় দফায় জয়লাভ করা দ্বিতীয় ব্যক্তি ডোনাল্ড ট্রাম্প। ১৩২ বছর আগে প্রথম ব্যক্তি হিসেবে এমন জয় পান থোমাস ক্রিভল্যান্ড। থোমাস ক্রিভল্যান্ড দেশটির ২২তম ও ২৪তম প্রেসিডেন্ট ছিলেন। তিনি ১৮৮৪, ১৮৮৮ ও ১৮৯২ সালের নির্বাচনে অংশ নেন।
- এছাড়া দুইবার অভিশাসিত হয়েও প্রথম পুনর্নির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
- ট্রাম্পই যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম প্রেসিডেন্ট, যিনি হোজদারি অপরাধে দণ্ডিত হন।
- ২০ জানুয়ারি ২০২৫ ডোনাল্ড ট্রাম্প যখন ৪৭তম প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন, তখন তিনিই হবেন যুক্তরাষ্ট্রের ইতিহাসে সবচেয়ে বয়স্ক প্রেসিডেন্ট। এ দিন তার বয়স হবে ৭৮ বছর ৭ মাস ৬ দিন। ২০ জানুয়ারি ২০২১ জো বাইডেন যখন ৪৬তম প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন তখন তার বয়স ছিল ৭৮ বছর ২ মাস।

ভাইস প্রেসিডেন্ট

ভাইস প্রেসিডেন্ট সিনেটের প্রধান। বর্তমানে ভাইস প্রেসিডেন্ট মূলত প্রেসিডেন্টের উপদেষ্টা হিসেবে কাজ করেন। প্রেসিডেন্ট প্রার্থী প্রথমে তালিকা থেকে নিজের

প্রেসিডেন্ট নির্বাচন

৫ নভেম্বর ২০২৪ যুক্তরাষ্ট্রের ৬০তম প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে ৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করলেও মূল প্রতিদ্বন্দ্বিতা হয় রিপাবলিকান দলীয় প্রার্থী ডোনাল্ড ট্রাম্প ও ডেমোক্রেট দলীয় প্রার্থী কমলা হ্যারিসের মধ্যে। নির্বাচনে যুক্তরাষ্ট্রের ৪৭তম প্রেসিডেন্ট নির্বাচিত হন ডোনাল্ড ট্রাম্প।

শীর্ষ দুই প্রার্থীর ফলাফল

	ডোনাল্ড ট্রাম্প	কমলা হ্যারিস
ইলেক্টোরাল ভোট	৩১১	২২৬
পপুলার ভোট	৭,৬৭,০২,৩৬৫	৭,৪১,৫০,৭৮৩
শতকরা হার	৫০%	৪৮.৩%
রাজ্যভিত্তিক জয়	৩১	১৯

'রাইনিং মেন্ট' বেছে নেন এবং পরে দলীয় সম্মেলনে আনুষ্ঠানিকভাবে ভাইস প্রেসিডেন্ট প্রার্থীকে মনোনয়ন দেওয়া হয়। যদি প্রেসিডেন্ট মারা যান, পদত্যাগ করেন অথবা কোনো কারণে দায়িত্ব পালন করতে অক্ষম হয়ে পড়েন, তখন ভাইস প্রেসিডেন্ট দায়িত্ব গ্রহণ করেন। এবারের নির্বাচনে ট্রাম্প জয় পাওয়ায় ভাইস প্রেসিডেন্ট হবেন তার 'রাইনিং মেন্ট' জেডি বায়ার।

প্রথম আধুনিক অলিম্পিক অনুষ্ঠিত হয় গ্রিসের এথেন্সে ১৮৯৬ সালে

বল্লভ ও জিম্নাস্টিকস খেলার উৎপত্তি হয় গ্রিসে

ফার্স্ট লেডি

যুক্তরাষ্ট্রের শুরু থেকে প্রেসিডেন্টের স্ত্রীকে বিশেষ কোনো নামে ডাকা হতো না। কাউকে লেডি কাউকে মিসেস প্রেসিডেন্ট বা মিসেস প্রেসিডেন্ট নামে ডাকা হতো। প্রথম মার্কিন প্রেসিডেন্ট জর্জ ওয়াশিংটনের স্ত্রী মারথা ওয়াশিংটনকে লেডি ওয়াশিংটন নামে ডাকা হয়ে। প্রচলিত তথ্যমতে, ১৮৪৯ সাল থেকে ডলি ম্যাডিসনকে প্রথমবারের মতো ফার্স্ট লেডি বলে অভিহিত করা হয়। যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্যে নারী গণস্বাক্ষরকারীদের স্বামীদেরকে ফার্স্ট লেডি বলে ডাকা হয়। তবে এখনও কোনো নারী যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট না হওয়ায় নারী প্রেসিডেন্টের স্বামীকে সম্বোধনের প্রচলিত সূত্র হয়নি। ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয়বারের মতো প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ায় আবার দেশটির ফার্স্ট লেডি'র মর্যাদা পাচ্ছেন ২৬ এপ্রিল ১৯৭০ সোভিয়েত রাশিয়ার লাগের সাবা উপত্যকার জন্ম নেওয়া সাবেক মডেল মেলানিয়া ট্রাম্প।

নতুন তারকা ইলন মাস্ক

গাউ নির্মাণ প্রতিষ্ঠান টেসলা ও স্পেস এক্স উদ্যোগ স্পেস এক্স এক সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সের মালিক বিস্ময়জনক শীর্ষ ধনী ইলন মাস্ক। তিনি ডোনাল্ড ট্রাম্পের অত্যন্ত ঘনিষ্ঠ হিসেবে পরিচিত।



ট্রাম্পের নির্বাচনি প্রচারে কোটি কোটি ডলার ব্যয় করেন। নির্বাচনের আগ পর্যন্ত নিরবচ্ছিন্ন ভোটের মধ্য থেকে লটারির মাধ্যমে প্রতিদিন একজনকে ১০ লাখ মার্কিন ডলার প্রদান করেন। ৬ নভেম্বর ২০২৪ ট্রাম্প ইলন মাস্ককে রিপাবলিকান পার্টির নতুন তারকা হিসেবে আন্বায়িত করেন। এরপর ১২ নভেম্বর ২০২৪ ডোনাল্ড ট্রাম্প Department of Government Efficiency (DOGE) বা সরকারি দক্ষতা বিভাগ নামে নতুন একটি বিভাগ তৈরি করে এর সহ-প্রধান হিসেবে মাস্ককে নিয়োগ দেন। বিভাগটিতে ইলন মাস্কের পাশাপাশি আরেক সহ-প্রধান হিসেবে থাকবেন সাবেক রিপাবলিকান প্রেসিডেন্ট প্রার্থী বিবেক রামাস্বামী।

ব্যর্থ লড়াই : হিলারি থেকে কমলা

৪ জুলাই ১৭৭৬ স্বাধীনতা অর্জন করে যুক্তরাষ্ট্র। প্রায় আড়াইশ বছর পার হয়ে গেলেও দেশটি কোনো নারী প্রেসিডেন্টের মুখ দেখতে পায়নি। অথচ দেশটি নারীর ক্ষমতায়ন ও লিঙ্গসমতা নিয়ে ব্যাপক সর্বস্ব। ২০১৬ সালে হিলারি ক্লিনটন জয়ের খুব কাছ গিয়েও ট্রাম্পের কাছে পরাজিত হন। তারপর ২০২৪ সালে নারী নেতৃত্বের অগ্রগতি হয়ে হাজার হন কমলা। তার বিশ্বাস ছিল এবার একজন নারী প্রেসিডেন্টকেই বেছে নেবে মার্কিনরা। কিন্তু এবারও মার্কিনরা পুরুষ নেতৃত্ব হিসেবে ট্রাম্পকে বেছে নেয়।

নির্বাচনের পরবর্তী প্রক্রিয়া

- ১৭ ডিসেম্বর ২০২৪ : ইলেক্টোরাল কলেজের প্রতিনিধি, যাদের বলা হয় ইলেকটর, তারা একসঙ্গে বসে তাদের ভোট দেন। সাধারণত যে অঙ্গরাজ্যে যে প্রার্থী সবচেয়ে বেশি ভোট পান, নিয়ম অনুযায়ী সেই প্রার্থীর পক্ষেই ওই রাজ্যের সব ইলেক্টোরাল ভোট দেওয়া হয়।
- ৩ জানুয়ারি ২০২৫ : কংগ্রেসের নবনির্বাচিত আইন প্রণেতারা শপথ নেন। মার্কিন কংগ্রেসের ১১৯তম অধিবেশন শুরু হবে।
- ৬ জানুয়ারি ২০২৫ : কংগ্রেসের নিম্নকক্ষ ও উচ্চকক্ষের সমন্বয়ের একটি পূর্ণাঙ্গ যৌথ অধিবেশন আনুষ্ঠানিকভাবে বিজয়ী প্রেসিডেন্টকে সাংবিধানিকভাবে স্বীকৃতি দেওয়া হবে। সেই অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বর্তমান ভাইস প্রেসিডেন্ট ও নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পের প্রতিদ্বন্দ্বী কমলা হ্যারিস। ভোটগণনা শেষে তিনি আনুষ্ঠানিকভাবে প্রেসিডেন্ট হিসেবে ট্রাম্পের নাম ঘোষণা করবেন।
- ২০ জানুয়ারি ২০২৫ : নতুন মার্কিন প্রেসিডেন্ট অভিব্যক্তি অনুষ্ঠানের মাধ্যমে শপথ গ্রহণ করবেন। স্ত্রীত অনুযায়ী, ওয়াশিংটন ডিসির ক্যাপিটল ভবনে নতুন প্রেসিডেন্টের অভিব্যক্তি অনুষ্ঠানের আয়োজন করা হবে।
- ২১ জানুয়ারি ২০২৫ : ৪৭তম মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তার কার্যদিবস শুরু করবেন। প্রেসিডেন্ট হিসেবে জাতির উদ্দেশে ভাষণ দেন।

ট্রাম্পের রাজসিক প্রত্যাবর্তন

ডোনাল্ড ট্রাম্প এ যেন এক রাজসিক প্রত্যাবর্তন। দোর্দণ্ড পুত্রে ইতিহাস গড়ে ছোয়াইট হাউসের মনসন ফিরলেন তিনি। ফলে কমলা হ্যারিসের মার্কিন সিংহাসনে প্রথম নারী প্রেসিডেন্ট হওয়ার স্বপ্নও থেকে গেল অপর। ৫ নভেম্বর ২০২৪ অনুষ্ঠিত ৬০তম প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্র্যাটিক প্রার্থী কমলা হ্যারিসকে বিপুল ব্যবধানে পরাজিত করে দ্বিতীয়বারের মতো প্রেসিডেন্ট নির্বাচিত হন ট্রাম্প।

এক নজরে ট্রাম্প

পুরো নাম : ডোনাল্ড জন ট্রাম্প • জন্ম : ১৪ জুন ১৯৪৬; কুইন্স, নিউইয়র্ক • বাবা : ফ্রেড ট্রাম্প • মা : মারি আর্লিন • শিক্ষাগত যোগ্যতা : স্নাতক (অর্থনীতি, পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয়) • পেশা : আবাসন ব্যবসা, টেলিভিশন প্রযোজনা ও রাজনীতি • বর্তমান রাজনৈতিক দল : রিপাবলিকান পার্টি • ধর্ম : প্রোটেস্ট্যান্ট খ্রিষ্টান (প্রেসব্রিটেরিয়ান) • স্ত্রী : মেলানিয়া ট্রাম্প (২০০৫-বর্তমান), ইভানা জেলনিকোভা (১৯৭৭-১৯৯১) ও মারলা মাপলস (১৯৯৩-১৯৯৯) • বর্তমান বসবাস : ট্রাম্প টাওয়ার (ম্যানহাটন, নিউইয়র্ক), মার-আ-লাগো (পাম বিচ, ফ্লোরিডা) • রচিত বই : Save America, Letters to Trump, Our Journey Together, Great Again: How to Fix Our Crippled America • যৌথ রচিত : Trump: The Art of the Deal, Trump: The Art of the Comeback, Trump: Think Like a Billionaire, Time to Get Tough: Make America Great Again, Why We Want You To Be Rich ইত্যাদি।



৭ অধিকার

- ১) জয়ের আগে প্রচারের সময় নামান প্রতিশ্রুতি দিয়েছেন তিনি। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে শুরুতেই যে সার্ভিস কাজ করার কথা বলেন—
- ২) অবৈধ অভিবাসীদের ফিরিয়ে দেওয়া
- ৩) অর্থনীতিতে মনোযোগ
- ৪) জলবায়ু নীতিতে কাটছাঁট
- ৫) ইউক্রেন যুদ্ধ বন্ধ
- ৬) গর্তপাতের অধিকার বাতিল
- ৭) ৬ জানুয়ারির দাস্তাকারীদের ক্ষমা
- ৮) বিশেষ কৌশলি জ্যাক স্মিথকে চাকরিচ্যুত

ট্রাম্প আসলে কে

'হ্যাঁপার্টে' মানুষটির অনেক পরিচয়। প্রেসিডেন্ট, ডানপন্থী আন্দোলনের নেতা, ফৌজদারি মামলার আসামি, আবাসন ব্যবসায়ী, টিভি তারকা; ৭৮ বছরের দীর্ঘ জীবনে অনেকভাবেই পরিচিত হন ডোনাল্ড ট্রাম্প। প্রথম নির্বাচনে জয়, পরেরবার হার, এরপর তৃতীয় নির্বাচনে আবার জয়; মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে সর্বশেষ এমন 'কামব্যাক'। ছোয়াইট হাউস ছেড়ে যাওয়ার চার বছর পর বিপুল বিতর্ক সঙ্গে নিয়েও অবিশ্বাস্য প্রত্যাবর্তনের গল্প লিখে ফের দেশটির প্রেসিডেন্ট হন ট্রাম্প।

আবাসন সন্ধানের সন্ধান

ডোনাল্ড ট্রাম্পের বাবা ফ্রেড ট্রাম্প ছিলেন একজন শীর্ষ আবাসন ব্যবসায়ী। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর নিউইয়র্কে নতুন আবাসন প্রকল্পের হিড়িক পড়লে এর সুবিধা নিতে শুরু করে ১৯২৭ সালে গঠিত 'ট্রাম্প অর্গানাইজেশন'। বিশ্ববিদ্যালয় শেষ করে বাবার দেখানো পথে আবাসন ব্যবসায় যোগ দেন ট্রাম্প। ট্রাম্প অর্গানাইজেশনের দায়িত্ব নেওয়ার পর ট্রাম্পের প্রথম বড় প্রকল্প হয় 'ট্রাম্প টাওয়ার'। ১৯৮৩ সালে নিউইয়র্কের ফিফথ অ্যাভিনিউয়ে নির্মিত ৫৮ তলা এ বিল্ডিংকে এখনো 'অভিজাত্যের প্রতীক' হিসেবে দেখা হয়।

যত অভিযোগ

ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন (FBI) ও নিউইয়র্কের বিচার বিভাগ কিংবা ৫০ বছরে ট্রাম্পের অনেক অপরাধ ও অনিয়মের তদন্ত করে এবং অভিযোগ আনে। এর মধ্যে রয়েছে আবাসনে বণিবিলেব, মাফিয়া'র সঙ্গে আঁতা, ক্যাসিনোর মাধ্যমে অর্থ পাচার। ১৯৯১ সালে ট্রাম্পের সঙ্গে বিচ্ছেদের সময় তার প্রথম স্ত্রী ইভানা ধর্ষণের অভিযোগ আনেন। ১৯৯৭ সালে জিল হার্ব নামে আরেক নারী ট্রাম্পের বিরুদ্ধে যৌন নিপীড়নের অভিযোগ আনে। এখন পর্যন্ত মোট ২৭ জন নারী ট্রাম্পের বিরুদ্ধে যৌন নিপীড়নের অভিযোগ আনে।

ফৌজদারি মামলা


ট্রাম্প একমাত্র মার্কিন প্রেসিডেন্ট হবেন যার বিরুদ্ধে বেশকিছু ফৌজদারি মামলা আছে। ফেডারেল আদালতেও তার বিরুদ্ধে মামলা রয়েছে। ২০১৬ সালে প্রেসিডেন্ট নির্বাচনে প্রচারণার সময় পূর্ণ তারকা স্টর্মি ড্যানিয়েলসকে ঘুষ দেওয়ার অভিযোগ আছে তার বিরুদ্ধে। এ ঘুষের মামলার ম্যানহাটনের আদালত ট্রাম্পকে ৩৪টি অভিযোগে দোষী সাব্যস্ত করে। এছাড়া ২০১৬ নির্বাচনের ফলাফল বদলানোর চেষ্টা করার জর্জিয়ায় আদালতে দোষী সাব্যস্ত হন তিনি। এর বাইরে এবছর আরও দুটি মামলা মোকাবেলা করেন ট্রাম্প।

ট্রাম্প প্রশাসন	ক্যাটাগরি	নাম	ক্যাটাগরি	নাম
	পররাষ্ট্রমন্ত্রী	মার্কো রুবিও*	সীমান্ত প্রধান	টম হোম্যান
	প্রতিরক্ষামন্ত্রী	পিট হেগোসেথ	প্রেস সেক্রেটারি	কারোলিন লেভিট
	স্বরাষ্ট্রমন্ত্রী	ডগ বারগাম	হোমল্যান্ড সিকিউরিটি বিষয়ক মন্ত্রী	ক্রিস্টিনা নোয়েম
	স্বাস্থ্যমন্ত্রী	বোর্ট এক স্কেন্ডি ভূনিয়	পরিবেশ সুরক্ষা সংস্থার (EPO) প্রশাসক	লি জেলডিন
	শিক্ষামন্ত্রী	ক্রিস রাইট	কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার (CIA) পরিচালক	জন র্যাটক্রিফ
	পরিবহনমন্ত্রী	পিতা ম্যাকমাহন	জাতীয় গোয়েন্দা সংস্থার পরিচালক	তুলসি গ্যাবার্ড
	বাণিজ্যমন্ত্রী	পোন ডাফি	ছোয়াইট হাউসের চিফ অব স্টাফ	সুসি ওয়াইলস**
	জাতিসংঘে রাষ্ট্রদূত	হ্যাওয়ার্ড ল্যাটিনিক	ইসরায়েলে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত	মাইক হাকাবি
	জাতিসংঘে রাষ্ট্রদূত	এলিস স্টেফানিক	ভেটেরানস অ্যাফেয়ার্স সেক্রেটারি	ডগ কলিন্স
	অ্যাটর্নি জেনারেল	ম্যাট সেন্স	জাতীয় নিরাপত্তা উপদেষ্টা	মাইকেল ওয়াশটজ

* প্রথম স্ত্রীকে বংশধর করে কোনো রাজনৈতিক দলের পররাষ্ট্রমন্ত্রী, ** ছোয়াইট হাউসের প্রথম নারী চিফ অব স্টাফ। | আপডেট : ২১ নভেম্বর ২০২৪ পর্যন্ত

হিসে অলিম্পিক খেলা শুরু হয় ৭৭৬ খ্রিষ্টপূর্বাব্দে -

হিসের উচ্চতম পর্বতশৃঙ্গের নাম মাউন্ট অলিম্পাস



আকাশ-মহাকাশ

নতুন কক্ষগহ্বরের সন্ধান

২৩ অক্টোবর ২০২৪ নেচার জার্নালে প্রকাশিত এক গবেষণায় বর্ণনা করা হয় ইউরোপীয় স্পেস এজেন্সির জ্যোতির্বিজ্ঞানীরা একটি অবিষ্কৃত আবিষ্কার করেন। প্রথমবারের মতো দুটি তারকাযুক্ত নতুন কক্ষগহ্বরের সন্ধান পান তারা। 'গাইয়া স্পেস টেলিস্কোপ'র মাধ্যমে এটি শনাক্ত করা হয়। কক্ষগহ্বরটি পৃথিবী থেকে প্রায় ৮,০০০ আলোকবর্ষ দূরে অবস্থান করছে। এতদিন সন্ধান পাওয়া কক্ষগহ্বরগুলোর সঙ্গে সাধারণত একটি তারকার উপস্থিতি ছিল। কিন্তু নতুন এ কক্ষগহ্বরটিতে দুটি তারার সংযোগ রয়েছে। গাইয়া স্পেস টেলিস্কোপের মাধ্যমে শনাক্ত করা এ কক্ষগহ্বরটি ব্ল্যাক হোল ট্রিপল বা ত্রি ৪০৪ সিগনিফিক্যান্ট।

জ্যোতির্বিজ্ঞানের বৃহত্তম ক্যামেরা

দক্ষিণ আমেরিকার দেশ চিলিতে খোলা আকাশের নিচে জ্যোতির্বিজ্ঞানের জন্য তৈরি সবচেয়ে বড় ডিজিটাল ক্যামেরা স্থাপনের জন্য প্রস্তুত করা হয়েছে। এটি এখন পর্যন্ত নির্মিত সবচেয়ে বড় ক্যামেরা, যা এক দশকব্যাপী জ্যোতির্বিজ্ঞানের জন্য অনুসন্ধান পরিচালনা করবে। এর উদ্দেশ্য বেশ উচ্চাকাঙ্ক্ষী। এটি বিস্তারিতভাবে পুরো রাতের আকাশকে ছবির মাধ্যমে ধারণ করবে; উল্লোচিত করবে, মহাবিশ্বের গভীরতম গোপনীয়তাগুলো। ডেরা সি. রুবিন অবজারভেটরির ভেতরে স্থাপিত এ ক্যামেরা একটি নতুন টেলিস্কোপের অংশ। এ ক্যামেরার রেজলুশন ৩২০০ মেগাপিক্সেল। এর প্রতিটি ছবি আকাশের এমন একটি এলাকাকে ধারণ করবে, যা চল্লিশটি পূর্ণ চাঁদের সমান।

মহাকাশে কাঠের তৈরি স্যাটেলাইট

৫ নভেম্বর ২০২৪ জাপান মহাকাশ প্রথমবারের মতো কাঠের তৈরি স্যাটেলাইট বা উপগ্রহ উৎক্ষেপণ করে। কাঠের তৈরি স্যাটেলাইটের নাম 'লিগনোস্যাট' (LignoSat)। জাপানের কিয়োটো বিশ্ববিদ্যালয় ও গৃহনির্মাণ প্রতিষ্ঠান সুমিতোমো ফরেন্সি যৌথভাবে স্যাটেলাইট তৈরি করে। এটি একটি ছোট, কিউব-আকৃতির কাঠামো যার ব্যাস প্রায় ১০ সেন্টিমিটার এবং ওজন প্রায় ৩৩০ গ্রাম। প্রচলিত ধাতব স্যাটেলাইট কাঠ শেষে বায়ুমণ্ডল প্রবেশের সময় অ্যান্টিমিনিয়াম অক্সাইড কমা তৈরি করে। তবে কাঠের তৈরি স্যাটেলাইটের মাধ্যমে দূষণ কম হবে। 'লিগনোস্যাট' স্যাটেলাইট ভূপৃষ্ঠের প্রায় ৪০০ কিলোমিটার ওপরে পৃথিবীর কক্ষপথে অবস্থান করে মহাকাশে থাকা পুনর্বিভরণযোগ্য উপাদানের খোঁজ করবে।

চীনের সর্বকনিষ্ঠ নারী নভোচারী


২৯ অক্টোবর ২০২৪ চীন তিন নভোচারী নিয়ে শেনঝু ১৯ মহাকাশযান উৎক্ষেপণ করে। যার মধ্যে রয়েছে দেশটির সর্বকনিষ্ঠ প্রথম নারী মহাকাশ প্রকৌশলী। তিন নভোচারীর দলে রয়েছে ৪৮ বছরের কমান্ডার কাই জুঝে, ৩৪ বছরের সং লিংডং ও জুয়া হাওজে। ওয়াং চীনের প্রথম নারী স্পেস ফ্লাইট প্রকৌশলী। এছাড়া সং লিংডং এবং ওয়াং হাওজে হলো দেশটির সবচেয়ে তরুণ মহাকাশচারী। চীনের ক্ষেত্রে এটি ছিল চতুর্থ মহাকাশ অভিযান। নভোচারীরা চীনের নিজের তৈরি একটি মহাকাশ স্টেশনকে ছয় মাসের জন্য নিজস্ব ঘাঁটি হিসেবে ব্যবহার করবে। এ মিশনের অভিজ্ঞতা ও বুদ্ধিমত্তা কাজে লাগিয়ে পরবর্তী ২০৩০ সাল নাগাদ চীনে মানুষ পাঠানোর মিশন সম্বলন করা হবে।

নমুনা নিয়ে ফিরলেন চীনা নভোচারী

৪ নভেম্বর ২০২৪ মহাকাশের কক্ষপথে ১৯২ দিনের অভিযান শেষ করে দেশে ফিরে আসেন তিন চীনা নভোচারী। সঙ্গে কয়েক নিয়ে আসেন ৩৪.৬ কেজির সমপরিমাণ স্পেস স্যাম্পল নমুনা। এ তিন নভোচারীর নাম ইয়ে ওয়াংফু, লি কং এবং গুয়াংসু। ২৫ এপ্রিল ২০২৪ শেনঝু-১৮ নভোযানে মহাকাশে উদ্দেশ্যে যাত্রা করেন তারা।

স্যাটেলাইট ধ্বংসে লেজার রশ্মি

২০২৪ সালে চীনের বিজ্ঞানীরা মাইক্রোওয়েভ বিকিরণের মাধ্যমে পৃথিবীর কক্ষপথে থাকা শত্রুদের স্যাটেলাইট বা কৃত্রিম উপগ্রহ ধ্বংস করার ক্ষমতা সম্পন্ন একটি নতুন অস্ত্র তৈরি করেন। অস্ত্রটিতে সাড়ি মাইক্রোওয়েভ ফায়ারিং যন্ত্র যুক্ত করা হয়েছে। সাধারণত বেশির ভাগ মাইক্রোওয়েভ অস্ত্র শক্তি সীমাবদ্ধতার কারণে খুব বেশি শক্তিশালী হয় না। তবে একমাত্র স্পন্দন যখন একাধিক যন্ত্রে কাজ করে, তখন সেই শক্তি দূরে থাকা স্যাটেলাইট ধ্বংস করার জন্য যথেষ্ট। এর মধ্যে পরীক্ষাগারে অস্ত্রটির কার্যকারিতা পরীক্ষা করা হয়েছে।



ল্যাটিন শব্দ Lignosat এর অর্থ 'কাঠ' (Wood)। লিগনোস্যাট উপগ্রহের নামকরণ, কাঠের জন্য ল্যাটিন শব্দের নামানুসারে করা হয়। জাপানে এক ধরনের হোনোকি (Honoki) ম্যাগনোলিয়া গাছ রয়েছে, যা এতিহাসগতভাবে তরবারির খাণের জন্য ব্যবহৃত হয়।

সন্দেশ প্রিন্সের এখেন্দে জন্মগ্রহণ করেন খ্রিষ্টপূর্ব ৪৬৯ অব্দে

বিমান চলাচলের কথকতা

যোগাযোগ ব্যবস্থার ক্ষেত্রে সবচেয়ে দ্রুতগামী যানবাহন উড়োজাহাজ বা বিমান। দেশের বাইরে কিংবা দেশের ভেতরে খুব কম সময়ে যাত্রার জন্য শৌখিন মানুষের প্রথম পছন্দ এটি। ১৭ ডিসেম্বর ১৯০৩ রাইট ভ্রাতৃদ্বয় প্রথম উড়োজাহাজে উড্ডয়ন করেন। এ উপলক্ষে আমাদের বিশেষ আয়োজন।



ইতিহাস

বিমানের ইতিহাস দু'হাজার বছরেরও বেশি সময় ধরে প্রসারিত। বিমানের প্রথম রূপ ঘুড়ি, তারপর বেগুন। ঊনবিংশ শতকে হাইড্রোজেন গ্যাস দিয়ে যাত্রীবাহী বেগুন চালানো হতো। রাইট ব্রাদার্স উইলবার রাইট এবং অরল্ড রাইট ১৭ ডিসেম্বর ১৯০৩ পৃথিবীর বুকে প্রথম সফল স্ব-চালিত উড়োজাহাজের উড্ডয়ন করেন। যুক্তরাজ্যের ফ্রাঙ্ক হুইটল এবং জার্মানির হ্যাস ফন ওহেন, ১৯০০-এর দশকের শেষের দিকে জেট ইঞ্জিন আবিষ্কার করেন। পরবর্তীকালে প্রথম সম্পূর্ণ জেট চালিত বিমান ১৯৩৭ সালে উড়ানো হয়। তারপর থেকে আবিষ্কার হতে থাকে বিভিন্ন ধরনের সামরিক ও বাণিজ্যিক বিমান।

বিভিন্ন দেশের বিমান সংস্থা

বাংলাদেশ : বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. • যুক্তরাজ্য : ব্রিটিশ এয়ারওয়েজ • যুক্তরাষ্ট্র : আমেরিকান এয়ারলাইন্স, ডেল্টা এয়ার লাইন্স, ফেড এক্স • জার্মানি : লুফথানসা • ইন্দোনেশিয়া : গারন্দা • স্পেন : ইবিরিয়া • বেলজিয়াম : ব্রুসেলস এয়ারলাইন্স • রাশিয়া : এরোস্ট্রেট • অস্ট্রেলিয়া : ক্যান্টাস এয়ারওয়েজ লি. • পানামা : কোপা

বিশ্বের বিখ্যাত ৩ বিমান প্রস্তুতকারক কোম্পানি

নাম	বে দেশাভিত্তিক	প্রতিষ্ঠা
বোয়িং	যুক্তরাষ্ট্র	১৫ জুলাই ১৯১৬
এয়ারবাস	ফ্রান্স, জার্মানি, স্পেন এবং যুক্তরাজ্য	১৮ ডিসেম্বর ১৯৭০
এরকট	যুক্তরাষ্ট্র	১৫ মার্চ ১৯৯৫

প্রথম আন্তর্জাতিক ফ্লাইট আন্তর্জাতিক ফ্লাইট পরিচালনার প্রথম এয়ারলাইন্স Chalk's Ocean Airways, যেটি ফ্লোরিডা থেকে বাহামা পর্যন্ত নির্ধারিত সীমেনে পরিষেবা পরিচালনা করে। বিশ্বের প্রথম নিয়মিত আন্তর্জাতিক বিমান পরিষেবা শুরু হয় ১৯১৯ সালের আগস্টে লন্ডন থেকে প্যারিস যাওয়ার ফ্লাইটের মাধ্যমে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে আন্তর্জাতিক বাণিজ্যিক ফ্লাইটগুলো আন্তর্জাতিক বিমান পরিবহন সংস্থা (IATA) এবং আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল সংস্থা (ICAO) প্রতিষ্ঠার মাধ্যমে নিয়ন্ত্রিত হয়।

বিমান চলাচলে দেশ ব্যবহারের শর্ত

একটি বিমান অন্য কোনো দেশ ব্যবহারের ক্ষেত্রে তথা আন্তর্জাতিক ফ্লাইটের ক্ষেত্রে বিভিন্ন বিষয়ের ওপর নির্ভর করে নানা শর্ত থাকে। যেমন— বিমানটি কোন দেশের রেজিস্ট্রেশন করা, যাত্রা শুরুর স্থান, বিমানটির গন্তব্য, বিমানের যাত্রী ও ত্রুদের নাগরিকত্ব ইত্যাদি বিষয়। তবে যেকোনো বিষয়ের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ শর্ত হলো— এয়ারলাইন্সের রাষ্ট্রকে অবশ্যই আন্তর্জাতিক বিমান পরিষেবা ট্রানজিট চুক্তি, ১৯৪৪ এর পক্ষ হতে হবে।

বাংলাদেশে বিমান চলাচলের ইতিহাস

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় তেজগাঁও এ ভারতের ব্রিটিশ সরকার দ্বারা রানওয়ে নির্মাণের মাধ্যমে বাংলাদেশে আধুনিক বিমানের যাত্রা শুরু হয়। পাকিস্তান আমলের পর মুক্তিযুদ্ধের সময় পাওয়া ডাকোটা প্রেন নিয়ে ৪ ফেব্রুয়ারি ১৯৭২ বাংলাদেশ বিমান ঢাকা-চট্টগ্রামের মধ্যে শুরু করে যাত্রী পরিবহনের কাজ। আন্তর্জাতিক ফ্লাইট করতে ১৯৭২ সালের মার্চে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স একটি বোয়িং ৭০৭ প্রেন ভাড়া করে এবং ১৯৭৪ সালে বোয়িং ৭০৭ এরোস্ট্রেট ক্রয় করে। বর্তমানে বাংলাদেশ বিমানের বহুরে মোট বিমানের সংখ্যা ২১টি। বাংলাদেশ বিমানের আন্তর্জাতিক রুট ২৩টি। অভ্যন্তরীণ রুট ৭টি।

জানা অজানা

বিশ্বের সবচেয়ে বড় যাত্রীবাহী বিমান : এয়ারবাস A380-800।
 ওজন ধারণ ক্ষমতার দিক দিয়ে বিশ্বের সবচেয়ে বড় বিমান : Scaled Composites Model 351 Stratolaunch (যুক্তরাষ্ট্র), ইতঃপূর্বে ছিল Antonov An-225 Mriya (ইউক্রেন)। ২৭ ফেব্রুয়ারি ২০২২ রাশিয়া দ্বারা এটি ধ্বংস প্রাপ্ত হয়।
 বিশ্বের সবচেয়ে উঁচু বিমান বন্দর : Daocheng Yading Airport (চীন)।
 আয়তনে বিশ্বের বৃহত্তম বিমান বন্দর : কিং ফাহাদ আন্তর্জাতিক বিমান বন্দর, সৌদি আরব (৭৭৬ বর্গ কিমি)।
 যাত্রী চলাচলে বিশ্বের সবচেয়ে ব্যস্ত বিমানবন্দর : হান্সিফি-জ্যাকসন আটলান্টা আন্তর্জাতিক বিমানবন্দর (যুক্তরাষ্ট্র)।
 বাংলাদেশে বেসরকারি বিমান সংস্থা ৩টি। যথা— ইউএস বাংলা এয়ারলাইন্স, নভোএয়ার ও এয়ার আস্থা।
 হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের IATA কোড : DAC।

F-3

প্রোডো প্রিন্সের এখেন্দে জন্মগ্রহণ করেন খ্রিষ্টপূর্ব ৪২৭ অব্দে



খেলাধুলা



২১ বছরের রেকর্ড ভাঙলেন জাকের-মিরাজ

২৩ অক্টোবর ২০২৪ মিরপুর শেরে বাংলা স্টেডিয়ামে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে দ্বিতীয় ইনিংসে জাকের আলী অনিক ও মেহেদী হাসান মিরাজ গড়ে ১৩৮ রানের জুটি। টেস্টে এটি দক্ষিণ আফ্রিকার বিপক্ষে বাংলাদেশের সর্বোচ্চ রানের জুটি।



সাল	জুটি	রান	উইকেট	ভেন্যু
২০২৪	জাকের-মিরাজ	১৩৮	৭ম	মিরপুর
২০০৩	বাশার-জাভেদ	১৩১	২য়	চট্টগ্রাম
২০১৫	রিয়াদ-মুশাফিক	৯৪	৪র্থ	মিরপুর
২০১৫	রিয়াদ-তামিম	৮৯	৩য়	চট্টগ্রাম
২০০২	বাশার-ইদ্রিস	৮৪	২য়	গড়ফোর্ড

বাক্সফের নির্বাহী কমিটি

২৭ অক্টোবর ২০২৪ বাংলাদেশ ফুটবল ফেডারেশনের (বাক্সফে) নির্বাচন অনুষ্ঠিত হয়। সভাপতি প্রার্থী তাবিথ আউয়াল প্রতিদ্বন্দ্বিতা করেন দিনাজপুরের ক্রীড়া সংগঠক ও ফুটবল কোচ মিজানুর রহমান চৌধুরীর সাথে। ২০০৮ সালে প্রথম সভাপতি নির্বাচিত হওয়ার পর আরও তিন মেয়াদে বাক্সফে সভাপতির চেয়ারে ছিলেন কাজী সলাহউদ্দিন। নতুন কমিটি—সভাপতি: তাবিথ আউয়াল • সিনিয়র সহসভাপতি: ইমরুল হাসান • সহ সভাপতি: নাসের শাহরিয়ার জাহেদী, ফাহাদ মোহাম্মদ আহমেদ করিম, ওয়াহিদউদ্দিন চৌধুরী হ্যাপি, সাকির আহমেদ আরেফ।

সাক্ষ নারী চ্যাম্পিয়নশিপ

আয়োজন: সপ্তম | আয়োজক: South Asian Football Federation (SAFF) | সময়কাল: ১৭-৩০ অক্টোবর ২০২৪ | স্বাগতিক: নেপাল | ভেন্যু: দশরথ রঙ্গশালা স্টেডিয়াম, কাঠমান্ডু | অংশগ্রহণকারী দল: এটি | মোট ম্যাচ: ১২টি

চ্যাম্পিয়ন: বাংলাদেশ

(টানা দ্বিতীয়বার)
| রানার্সআপ: নেপাল
| সেরা খেলোয়াড়: কতুর্পা চাকমা (বাংলাদেশ)
| সেরা গোলকিপার: রুপনা চাকমা (বাংলাদেশ)
| সেরা গোলদাতা: দেবি লাজেম (ভূটান-৮ গোল) | ফেরারপ্র: ভূটান।

সাল	চ্যাম্পিয়ন	রানার্সআপ
২০১০	ভারত	নেপাল
২০১২	ভারত	নেপাল
২০১৪	ভারত	নেপাল
২০১৬	ভারত	বাংলাদেশ
২০১৯	ভারত	নেপাল
২০২২	বাংলাদেশ	নেপাল
২০২৪	বাংলাদেশ	নেপাল

৩ বাংলাদেশির কীর্তি

৬ হাজারি ক্লাবে প্রথম বাংলাদেশি: প্রথম বাংলাদেশি ব্যাটর হিসেবে টেস্ট ক্রিকেটে ৬ হাজারি ক্লাবে নাম লেখান মুশাফিকুর রহিম। এখন তার টেস্ট রান ৬,০০৩। ক্যারিয়ারের ৯৩তম টেস্টে এসে এ রেকর্ড করেন মুশাফিক।

সেরা একাদশে নিগার: আইসিসি নারী টি-২০ বিশ্বকাপে ব্যক্তিগতভাবে উজ্জ্বল ছিলেন বাংলাদেশের অধিনায়ক নিগার সুলতানা। ব্যাট হাতে ১০৪ রান করার পাশাপাশি উইকেটের পেছনে দাঁড়িয়েও ভালো পারফর্ম করেন। এতেই বিশ্বকাপের সেরা একাদশে স্থান পান নিগার সুলতানা।

তাইজুলের কীর্তি: সাকিবের পর বাংলাদেশের দ্বিতীয় বোলার হিসেবে টেস্টে ২০০ উইকেটের মাইলফলক স্পর্শ করেন বাহাতি স্পিনার তাইজুল সাকিব ২০০ ছুঁয়েছিলেন ৫৪ টেস্টে আর তাইজুল ৪৮ টেস্টেই।

অনুর্ধ্ব-১৯ এশিয়া কাপ ক্রিকেট

আয়োজন: প্রকাদশ | আয়োজক: Asian Cricket Council (ACC) | সময়কাল: ২৮ নভেম্বর-৮ ডিসেম্বর ২০২৪ | স্বাগতিক: সংযুক্ত আরব আমিরাত | অংশগ্রহণকারী দল: ৮টি | গ্রুপ এ: ভারত, পাকিস্তান, সংযুক্ত আরব আমিরাত ও জাপান | গ্রুপ বি: বাংলাদেশ, আফগানিস্তান, নেপাল ও শ্রীলংকা।

তারিখ	প্রতিপক্ষ	ভেন্যু
২৯ নভেম্বর	আফগানিস্তান	দুবাই
১ ডিসেম্বর	নেপাল	দুবাই
৩ ডিসেম্বর	শ্রীলংকা	দুবাই



• তৃতীয়বার বাংলাদেশের কোনো খেলোয়াড় টুর্নামেন্টে সেরা হলেন। এবারের ঋতুসূচী চাকমার আগে ২০১৪ ও ২০২২ সালে সেরার স্বীকৃতি পান সাবিনা খাতুন।
• টানা দ্বিতীয়বারের মতো টুর্নামেন্টের সেরা গোলকিপার বাংলাদেশের রুপনা চাকমা।
• এবারের আসরে মোট গোল হয় ৬২টি। চ্যাম্পিয়ন বাংলাদেশ ৪ ম্যাচে করেছে ১৩ গোল, খেয়েছে ৪টি।

এরিস্টল গ্রিসের স্টাগিরাতে জন্মগ্রহণ করেন খ্রিষ্টপূর্ব ৩৮৪ অব্দে

খেলাধুলা

ইতালিতে তৃতীয় প্রজন্মের ফুটবলার

১৪ অক্টোবর ২০২৪ উয়েফা ন্যাশনাল লিগের ম্যাচে ইসরায়েলের বিপক্ষে ইতালির হয়ে মাঠে নামেন দানিয়েল মালদিনি। প্রথমবারের মতো একই পরিবারের তিনজন জাতীয় দলের হয়ে খেলার দারুণ এক ইতিহাস হয়ে গেল ইতালির ফুটবলে। ৬৪ বছর আগে ইতালি দলে অভিষেক হয় দাদা সিজার মালদিনির। ৩৬ বছর আগে অভিষেক হয় বাবা পাওলো মালদিনির। সিজার মালদিনির আন্তর্জাতিক ক্যারিয়ার ছিল ১৪ ম্যাচের। তবে দাদার চেয়ে বাবা পাওলো মালদিনিই বেশি পরিচিত।

সর্বোচ্চ আয় রোনালদোর

১৭ অক্টোবর ২০২৪ যুক্তরাষ্ট্রের বিশ্বখ্যাত অর্থ ও বাণিজ্যবিষয়ক বিখ্যাত সাময়িকী ফোর্বস ২০২৪ সালে সবচেয়ে বেশি আয় করা ফুটবলারদের তালিকা প্রকাশ করে। সর্বোচ্চ আয় করা ৩ ফুটবলার—প্রথম ক্রিস্টিয়ানো রোনালদো, দ্বিতীয় লিওনেল মেসি ও তৃতীয় নেইমার।

ব্যালন ডি'অর ২০২৪

২৮ অক্টোবর ২০২৪ ফ্রান্সের রাজধানী প্যারিসের থিয়েটার দ্য শ্যালাতে বিশ্ব ফুটবলের অন্যতম গৌরবময় পুরস্কার ব্যালন ডি'অর-এর আসর বসে।



- ব্যালন ডি'অর: রদ্রি (স্পেন/ম্যানচেস্টার সিটি)
- ব্যালন ডি'অর ফোর্বস: আইজানা বোনমার্তি (স্পেন/বার্সেলোনা)
- রেমন্ত কোপা ট্রফি: লামিনে ইয়ামাল (স্পেন/বার্সেলোনা)
- লেভ ইয়াশিন ট্রফি: এমিলিয়ানো মার্টিনেজ (আর্জেন্টিনা/আর্সেনাল ক্লাব)
- জার্ড মুলার ট্রফি: কিলিয়ান এমবাল্লে (ফ্রান্স/রিয়াল মাদ্রিদ)
- হ্যারি কেইন (ইংল্যান্ড/বার্নার্ন মিউনিখ)
- সক্রেন্টিস অ্যাওয়ার্ড: জেনি হারমোসো (স্পেন/তাইফেস)
- বর্ষসেরা পুরুষ ক্লাব: রিয়াল মাদ্রিদ (স্পেন)
- বর্ষসেরা নারী ক্লাব: বার্সেলোনা (স্পেন)
- মেস ইয়োহান ক্রুইফ ট্রফি: কার্লো আনচেলত্তি (ইতালি/রিয়াল মাদ্রিদ)
- উইমেল ইয়োহান ক্রুইফ ট্রফি: এমা হায়েস (যুক্তরাষ্ট্র/সেন্সি)
- এই প্রথমবার ব্যালন ডি'অর জয়ী দু'জনই একই দেশের।
- ৬৪ বছর পর স্প্যানিশ কোনো খেলোয়াড় এ পুরস্কার জিতেন।
- ম্যানচেস্টার সিটির প্রথম এবং তৃতীয় স্প্যানিশ ফুটবলার হিসেবে রদ্রি এ পুরস্কার লাভ করেন।
- প্রথম খেলোয়াড় হিসেবে টানা দুইবার সেরা গোলরক্ষক হন এমিলিয়ানো মার্টিনেজ।

2024 ACC Emerging Teams Asia Cup

আয়োজন: ষষ্ঠ | আয়োজক: Asian Cricket Council (ACC) | সময়কাল: ১৮-২৭ অক্টোবর ২০২৪ | স্বাগতিক: ওমান | ভেন্যু: আল সুবিরাহ ক্রিকেট স্টেডিয়াম, মাসকট | অংশগ্রহণকারী দল: ৮টি | মোট ম্যাচ: ১৫টি | ক্রিকেট ফরম্যাট: টি-২০ | চ্যাম্পিয়ন: অফগানিস্তান (প্রথমবার) | রানার্সআপ: শ্রীলংকা | সেরা বোলোয়াড় ও সর্বোচ্চ রান: সেনিগুয়াহ আতাল (অফগানিস্তান); ৩৬৮ রান | সর্বোচ্চ উইকেট: দুসান হেমন্ত (শ্রীলংকা); ১৫টি।

বিশ্বরেকর্ড

বিশ্বের কনিষ্ঠতম হিসেবে ফিনে রেটিং পেয়ে বিশ্বরেকর্ড করেন তিন বছর আট মাস ১৮ দিন বয়সে অনিশ সরকার। ভেঙে দিলো ভারতেরই তেজস তিওয়ারির রেকর্ড। ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের অনূর্ধ্ব-৯ দাবা প্রতিযোগিতায় রেটিং থাকা দুই দাবাতুকে হারিয়ে দিয়ে অনিশ ১৫৫৫ ফিনে রেটিং পেয়েছে।

• ২৩ অক্টোবর ২০২৪ আগামী টি-২০ বিশ্বকাপের অফ্রিকার উপ-আঞ্চলিক বাছাইপর্বের ম্যাচে গাম্বিয়ার বিপক্ষে ২০ ওভারে চার উইকেট ৩৪৪ রানের হিমালয় গড়ে সবাইকে ছাড়িয়ে গায় জিহাবুয়ে। স্বীকৃত কিংবা আন্তর্জাতিক টি-২০ তে এটিই সর্বোচ্চ দলীয় সমগ্র।

১. জিম্বাবুয়ে	৩৪৪/৪ বনাম গাম্বিয়া, ২৩ অক্টোবর ২০২৪
২. নেপাল	৩১৪/৩ বনাম মসেলিয়া, ২৭ সেপ্টেম্বর ২০২৩
৩. ভারত	২৯৭/৬ বনাম বাংলাদেশ, ১২ অক্টোবর ২০২৪
৪. জিম্বাবুয়ে	২৮৬/৫ বনাম সেন্সেলস, ১৯ অক্টোবর ২০২৪
৫. আফগানিস্তান	২৭৮/৩ বনাম আয়ারল্যান্ড, ২৩ ফেব্রুয়ারি ২০১৯

বিবিধ

- ১৬ অক্টোবর ২০২৪ ক্রিকেটের বিকাশ-৩ জনপ্রিয়তায় বিশেষ অবদান রাখার স্বীকৃতি হিসেবে ২০২৪ সালের সংযুক্তি হিসেবে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (ICC) হল অব ফেমে অন্তর্ভুক্ত করা হয় তিন কিংবদন্তি অ্যান্ডারস্টার কুক, নিতু ডেভিড ও এবি ডি ভিলিয়ামস্কে।
- ১৮ অক্টোবর ২০২৪ টেস্ট ক্রিকেটের ১৪৭ বছরের ইতিহাসে প্রথম দল হিসেবে এক বর্ষজন্মে ১০০ ছক্কা মারার মাইলফলক গড়ে ভারত।
- ১০ নভেম্বর ২০২৪ পর্যন্ত তিন সংস্করণ মিলিয়ে বাংলাদেশ খেলেছে ৭৬৬ ম্যাচ। এর মধ্যে জয় ২৪৮, হার ৪৮৬, ড্র ১৮ এবং ফল হয়নি ১৪ ম্যাচে। সাফল্যের হার ৩২.৩৭ এবং ব্যর্থতার হার ৬৩.৪৪%।
- ২০২৬ কমনওয়েলথ গেমস হওয়ার কথা ছিল অস্ট্রেলিয়ার ভিক্টোরিয়া শহরে। কিন্তু আর্থিক কারণে তারা এ প্রতিযোগিতার আয়োজন করতে পারেনি না। ফলে এ গেমস আয়োজনের সুযোগ পায় স্কটল্যান্ডের গ্রাসগো। ২০২৬ কমনওয়েলথ গেমস ২৩ জুলাই শুরু হয়ে চলেবে ২ আগস্ট পর্যন্ত।
- টেস্টে ৩০০ উইকেট পেতে রাবাদার লেগেছে ১১,৮১৭ বল। টেস্টে সবচেয়ে কম বলে ৩০০ উইকেট শিকারের আশের কীর্তি ছিল ওয়াকার ইউনুসের।

গ্রিক ইতিহাসবিদ হিরোডটাসকে ইতিহাসের জনক বলা হয়